বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥ ৩৯

অন্বয়ঃ।—হতঃ বা স্বর্গং প্রাপ্স্যসি, জিত্বা (রিপূন্ পরাজিত্য) বা মহীং (পৃথিবীং) ভোক্ষ্যসে, তস্মাৎ হে কৌন্তেয়! যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ [সন্] উত্তিষ্ঠ (সন্নদ্ধোভব) ॥ ৩৭

অন্বয়ঃ।—সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ [চ] [সমৌ কৃত্বা] ততঃ যুদ্ধায় যুজ্যস্ব, (সন্নদ্ধো ভব) এবং [সতি] পাপং ন অবাপ্স্যসি (লপ্স্যসে) ॥ ৩৮

অন্বয়ঃ।—সাংখ্যে (আত্মতত্ত্বে) এষা বুদ্ধিঃ তে অভিহিতা

অনুবাদ।—হে কৌন্তেয়! যদি হত হও, স্বর্গে যাইবে, যদি যুদ্ধে বিজয়ী হও পৃথিবী ভোগ করিবে; অতএব যুদ্ধে দৃঢ়নিশ্চয় হইয়া উত্থিত হও ॥ ৩৭

অনুবাদ।—সুখ দুঃখ, লাভালাভ ও জয় পরাজয় সমান মনে করিয়া তবে যুদ্ধে প্রবৃত্ত হও, তাহা হইলে তুমি পাপভাগী হইবে না ॥ ৩৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ॥ ৪০

(কথিতা), যোগে (কর্ম্মযোগে) তু ইমাং (বুদ্ধিং) শৃণু—হে পার্থ! যয়া বুদ্ধ্যা যুক্তঃ (ত্বং) কর্ম্মবন্ধং (কর্ম্মনিমিত্তং সংসারবন্ধনং) প্রহাস্যসি (ত্যক্ষ্যসি)॥ ৩৯

অন্বয়ঃ।—ইহ (নিষ্কামকর্ম্মযোগে) অভিক্রমনাশঃ (প্রারব্ধস্য নাশঃ) নাস্তি, প্রত্যবায়ঃ (বিঘ্নঃ) ন বিদ্যতে, অস্য ধর্ম্মস্য (কর্ম্মযোগস্য) স্বল্পম্ অপি [অনুষ্ঠিতং সৎ] মহতঃ ভয়াৎ (সংসারাৎ) ত্রায়তে॥ ৪০

অনুবাদ।—আত্মতত্ত্ব সম্বন্ধে তোমায় এই জ্ঞান কহিলাম। কর্ম্মযোগ সম্বন্ধে যাহা বলিতেছি, শ্রবণ কর। হে পার্থ, যে বুদ্ধিতে যুক্ত হইলে, তুমি কর্ম্মরূপ বন্ধ (সংসার বন্ধন) * হইতে মুক্ত হইবে॥ ৩৯

অনুবাদ।—এই নিষ্কাম কর্ম্মযোগ অনুষ্ঠান করিলে, উহা বিফল হয় না; ইহাতে প্রত্যবায় (বিঘ্ন) নাই। ইহার অত্যল্পমাত্রও অনুষ্ঠিত হইলে, মহাভয় (সংসারবন্ধন) হইতে পরিত্রাণ করিয়া থাকে॥ ৪০

---

* জন্ম মৃত্যু জরা প্রভৃতি যাহা জীবকে বারংবার আবদ্ধ করে, তাহারই নাম বন্ধ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্॥ ৪১
যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতিবাদিনঃ॥ ৪২
কামাত্মানঃ স্বর্গপরা জন্মকর্ম্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি॥ ৪৩

অন্বয়ঃ।—হে কুরুনন্দন! ইহ (কর্ম্মযোগে) ব্যবসায়াত্মিকা (পরমেশ্বরভক্ত্যা এব তরিষ্যামীতি নিশ্চয়াত্মিকা) বুদ্ধিঃ একা; অব্যবসায়িনাং (কামিনাং) বুদ্ধয়ঃ [কামানামানন্ত্যাৎ] বহুশাখাঃ অনন্তাশ্চ (অশেষাশ্চ)॥ ৪১

অন্বয়ঃ।—হে পার্থ! যে অবিপশ্চিতঃ (মূঢ়াঃ) বেদবাদরতাঃ, অন্যৎ (অতঃপরমন্যৎ ঈশ্বরতত্ত্বং) নাস্তি ইতিবাদিনঃ, [অতএব] কামাত্মানঃ (কামনাকুলিতচিত্তাঃ),

---

অনুবাদ।—হে কুরুনন্দন। এই নিষ্কাম কর্ম্মযোগে ব্যবসায়াত্মিকা (আত্মতত্ত্ব-নিশ্চয়াত্মিকা) বুদ্ধি একই; পরন্তু অব্যবসায়ী অর্থাৎ কামীদিগের বুদ্ধি [অনন্ত কামনাবশতঃ] বহুশাখাবিশিষ্ট এবং অনন্ত॥ ৪১

অনুবাদ।—হে পার্থ যাহারা বেদের অর্থবাদে পরিতুষ্ট [অর্থাৎ তাৎপর্য্য বুঝে না] এবং এতদ্ব্যতীত [ঈশ্বর সম্বন্ধে]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে॥ ৪৪
ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।
নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্॥ ৪৫

স্বর্গপরাঃ (স্বর্গপরায়ণাঃ) জন্মকর্ম্মফলপ্রদাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ক্রিয়াবিশেষবহুলাং যাম্ ইমাং পুষ্পিতাং (বিষলতাবৎ আপাতমনোহরাং) বাচং প্রবদন্তি, তয়া বাচা (বাক্যেন) অপহৃতচেতসাং (বিমোহিতচিত্তানাং) ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ (যোগে) ন বিধীয়তে (পরিনিষ্ঠিতা ন ভবতি)॥৪২—৪৪

অন্বয়ঃ।—হে অর্জ্জুন! বেদাঃ ত্রৈগুণ্যবিষয়াঃ (ত্রিগুণা-

জ্ঞাতব্য আর কিছুই নাই—এইরূপ বলিয়া থাকে, যাহারা কামনা-পরতন্ত্র, স্বর্গই যাহাদের একমাত্র প্রার্থনীয়, যে মূঢ়গণ জন্মকর্ম্মফলপ্রদ, ভোগৈশ্বর্য্যের সাধনভূত ক্রিয়া বাহুল্যবিশিষ্ট পুষ্পিত (আপাতসুখপ্রদ) বাক্য প্রয়োগ করিয়া থাকে, তাদৃশবাক্যে বিমোহিতচিত্ত ভোগৈশ্বর্য্যে আসক্ত ব্যক্তিগণের বুদ্ধি সমাধিতে নিবিষ্ট হয় না॥ ৪২—৪৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে।
তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ ॥ ৪৬

স্বকাঃ) [ত্বং] নিস্ত্রৈগুণ্যঃ (কর্ম্মফলসম্বন্ধরহিতঃ, নিষ্কাম ইতি যাবৎ) ভব। [তত্র উপায়মাহ] নির্দ্বন্দ্বঃ (শীতোষ্ণসুখদুঃখাদিদ্বন্দ্বরহিতঃ) নিত্যসত্ত্বস্থঃ (সদাধৈর্য্যশীলঃ) নির্যোগক্ষেমঃ (অপ্রাপ্তস্বীকারঃ যোগঃ, প্রাপ্তপরিপালনং ক্ষেমঃ তদ্রহিতঃ) আত্মবান্ (অপ্রমত্তঃ) [ভব] ॥ ৪৫

অন্বয়ঃ।—সর্ব্বতঃ সংপ্লুতোদকে (মহাহ্রদে) [বর্ত্তমানে

অনুবাদ।—হে অর্জ্জুন, বেদসকল ত্রিগুণাত্মক অর্থাৎ সকাম ব্যক্তিগণের কর্ম্মফল প্রতিপাদন করে। তুমি নিস্ত্রৈগুণ্য হও; এবং নির্দ্বন্দ্ব, (শীতোষ্ণসুখদুঃখাদি দ্বন্দ্ব হইতে বিমুক্ত) নিত্যধৈর্য্যশীল, যোগক্ষেমরহিত * এবং কাম্যবিষয়ে আসক্তিশূন্য হও ॥ ৪৫

অনুবাদ।—উদপানে (অল্পজল বিশিষ্ট কূপাদি ক্ষুদ্র

---

* অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তির নাম যোগ এবং প্রাপ্ত বস্তু রক্ষণের নাম ক্ষেম। অর্থাৎ যাহা তোমার নাই, তাহা পাইবার জন্য ব্যাকুল হইও না, যাহা আছে তাহার রক্ষার্থ একান্ত যত্নশীলও হইও না; অর্থাৎ যখন যাহা জুটে, তাহাতেই সন্তুষ্ট থাক।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।
মা কর্ম্মফলহেতুর্ভূর্ম্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি ॥ ৪৭

সতি] উদপানে (বাপীকূপাদি ক্ষুদ্রজলাশয়ে) যাবান্ অর্থঃ, (প্রয়োজনম্) বিজানতঃ (বিজ্ঞানশালিনঃ) ব্রাহ্মণস্য (ব্রহ্মনিষ্ঠস্য) সর্ব্বেষু বেদেষু তাবান্ এব অর্থঃ (প্রয়োজনং নাস্তীতি ভাবঃ) ॥ ৪৬

অন্বয়ঃ।—কর্ম্মণি এব তে অধিকারঃ, কদাচন ফলেষু [অধিকারঃ] মা [অস্তু], [ত্বং] কর্ম্মফলহেতুঃ (সকাম-কর্ম্মপরতন্ত্রঃ) মা ভূঃ, (মাভব) অকর্ম্মণি (কর্ম্মাকরণে) তে সঙ্গঃ (নিষ্ঠা) মা অস্তু ॥ ৪৭

জলাধারে—যে জল থাকে, তদ্দ্বারা স্নানপানাদি সমুদয় কর্ম্ম নির্ব্বাহ হয় না, এজন্য অনেকগুলি উদপানের জলে প্রয়োজনীয় কার্য্য নির্ব্বাহ করিতে হয়। মহাহ্রদের জলে যাবতীয় উদককার্য্য সম্পন্ন হয়। মহাহ্রদ বিদ্যমান থাকিলে উদপানে যে প্রয়োজন, ব্রহ্মবিৎ ব্রহ্মনিষ্ঠ ব্যক্তির পক্ষে সমস্ত বেদেও সেই প্রয়োজন অর্থাৎ প্রয়োজন নাই; মহাহ্রদস্বরূপ ব্রহ্মানন্দে বেদোক্ত ক্রিয়াকলাপ সমুস্ত ক্ষুদ্রানন্দ বিলীন হইয়া যায় ॥ ৪৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥ ৪৮

দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ ধনঞ্জয়।
বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ ॥ ৪৯

অন্বয়ঃ।—হে ধনঞ্জয়! সঙ্গং (কর্ত্তৃত্বাভিনিবেশং) ত্যক্ত্বা, সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমঃ (ফলসিদ্ধৌ অসিদ্ধৌবা নির্ব্বিকারচিত্তঃ) ভূত্বা [কেবলম্ ঈশ্বরার্পণেনৈব] যোগস্থঃ (পরমেশ্বরৈক-পরায়ণঃ) [সন্] কর্ম্মাণি কুরু; সমত্বং (সিদ্ধ্যসিদ্ধৌ একরূপতা) যোগঃ উচ্যতে ॥ ৪৮

অন্বয়ঃ।—হে ধনঞ্জয়! হি (যস্মাৎ) বুদ্ধিযোগাৎ (বুদ্ধ্যা

অনুবাদ।—কর্ম্মেই তোমার অধিকার; কর্ম্মফল সকলে যেন তোমার অধিকার না হয়। তুমি কর্ম্মফলের হেতুভূত হইও না, (ফলার্থী হইও না)। এবং কর্ম্ম পরিত্যাগেও যেন তোমার প্রবৃত্তি না হয় ॥ ৪৭

অনুবাদ।—হে ধনঞ্জয়! ফলকামনা পরিত্যাগপূর্ব্বক সিদ্ধি ও অসিদ্ধিতে সমভাবাপন্ন হইয়া যোগস্থ হইয়া তুমি কর্ম্মের অনুষ্ঠান কর। সমত্বই (সিদ্ধি ও অসিদ্ধিতে সমভাবই) যোগনামে অভিহিত ॥ ৪৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃত-দুষ্কৃতে।
তস্মাদ্‌যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলম্ ॥৫০

ব্যবসায়াত্মিকয়া কৃতঃ কর্ম্মযোগস্তস্মাৎ) [অন্যৎ কাম্যং] কর্ম্ম দূরেণ অবরম্ (অত্যন্তম্ অপকৃষ্টম্), [অতএব] বুদ্ধৌ (জ্ঞানে) শরণং (আশ্রয়ং কর্ম্মযোগং) অন্বিচ্ছ (অনুতিষ্ঠ)। [যদ্বা] বুদ্ধৌ শরণং (ত্রাতারম্ ঈশ্বরম্ ভগবন্তম্ অন্বিচ্ছ আশ্রয়) ফলহেতবঃ (সকামাঃ মানবাঃ) কৃপণাঃ (দীনাঃ, নিকৃষ্টা ইতি যাবৎ)॥ ৪৯

অন্বয়ঃ।—বুদ্ধিযুক্তঃ (ব্যবসায়াত্মিকয়া বুদ্ধ্যা যুক্তঃ) ইহ (ইহৈব জন্মনি) উভে সুকৃতদুষ্কৃতে (পুণ্যপাপে) জহাতি (ত্যজতি); তস্মাৎ যোগায় (কর্ম্মযোগায়) যুজ্যস্ব ; [যতঃ] কর্ম্মসু কৌশলং যোগঃ ॥ ৫০

অনুবাদ।—হে ধনঞ্জয়! নিষ্কাম কর্ম্ম অপেক্ষা কাম্য কর্ম্ম, অত্যন্ত হেয় ; তুমি নিষ্কাম কর্ম্মযোগ আশ্রয় কর [অথবা জ্ঞানলাভার্থ পরিত্রাতা ঈশ্বরকে আশ্রয় কর] ফলাকাঙ্ক্ষীরা কৃপণ অর্থাৎ অতি হেয় ॥ ৪৯

অনুবাদ।—বুদ্ধিযোগনিষ্ঠ ব্যক্তি ইহলোকেই সুকৃত ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ।
জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্ ॥ ৫১

যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি।
তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ ॥ ৫২

অন্বয়ঃ।—বুদ্ধিযুক্তাঃ মনীষিণঃ (জ্ঞানিনঃ) কর্ম্মজং ফলং ত্যক্ত্বা জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ (সংসারনির্ম্মুক্তাঃ) [সন্তঃ] অনাময়ং (সর্ব্বোপদ্রবরহিতং) পদং (মোক্ষাখ্যং বিষ্ণোঃ পদং) গচ্ছন্তি (প্রাপ্নুবন্তি)॥ ৫১

অন্বয়ঃ।—যদা তে বুদ্ধিঃ মোহকলিলং (দেহাভিমান-লক্ষণং, মোহময়ং গহনং দুর্গং) ব্যতিতরিষ্যতি, তদা শ্রোতব্যস্য (শ্রবণার্হস্য) শ্রুতস্য (অধিগতস্য) চ [অর্থস্য] নির্ব্বেদং (বৈরাগ্যং) গন্তাসি (প্রাপ্স্যসি)॥ ৫২

দুষ্কৃত পরিত্যাগ করেন। অতএব তুমি কর্ম্মযোগে যুক্ত হও; কর্ম্মসমূহে নৈপুণ্যই যোগ॥ ৫০

অনুবাদ।—সমত্ব-বুদ্ধিযুক্ত ব্যক্তিরা কর্ম্মফল ত্যাগে জন্মরূপ বন্ধন হইতে বিমুক্ত হন এবং নিরুপদ্রব বিষ্ণুপদ (মোক্ষ) লাভ করেন॥ ৫১

অনুবাদ।—যখন তোমার বুদ্ধি দেহাদিতে আত্মবুদ্ধিরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা।
সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যসি ॥ ৫৩

অর্জ্জুন উবাচ।

স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব।
স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিম্ ॥ ৫৪

অন্বয়ঃ।—যদা শ্রুতিবিপ্রতিপন্না (শ্রুতিভিঃ নানা-লৌকিকবৈদিকার্থশ্রবণৈঃ বিপ্রতিপন্না বিক্ষিপ্তা) [সতী] তে (তব) বুদ্ধিঃ সমাধৌ (পরমেশ্বরে) নিশ্চলা [অতএব] অচলা (অভ্যাসপাটবেন তত্রৈব স্থিরা) স্থাস্যতি, তদা যোগম্ (যোগফলং তত্ত্বজ্ঞানম্) অবাপ্স্যসি ॥ ৫৩

অন্বয়ঃ।—অর্জ্জুনঃ উবাচ।—হে কেশব! সমাধিস্থস্য স্থিতপ্রজ্ঞস্য (স্বাভাবিকযোগস্থিতস্য নিশ্চলবুদ্ধেঃ) কা ভাষা

মোহময় গহন দুর্গ পরিত্যাগ করিবে, তখন তুমি শ্রোতব্য ও শ্রুত অর্থ সম্বন্ধে বৈরাগ্য প্রাপ্ত হইবে ॥ ৫২

অনুবাদ।—যখন নানা লৌকিক ও বৈদিক অর্থবাদ শ্রবণে তোমার বিক্ষিপ্ত বুদ্ধি ঈশ্বরে নিশ্চল ও স্থিরভাবে অবস্থান করিবে, তখন তুমি তত্ত্বজ্ঞান লাভ করিবে ॥ ৫৩

অনুবাদ।—শ্রীঅর্জ্জুন কহিলেন,—হে কেশব! সমাধিস্থ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে॥ ৫৫
দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্ম্মুনিরুচ্যতে॥ ৫৬

(কিং লক্ষণং)? স্থিতধীঃ (স্থিতপ্রজ্ঞঃ) কিং প্রভাষেত? কিম্ আসীত? কিং ব্রজেত? ৫৪

অন্বয়ঃ। শ্রীভগবান্ উবাচ।—হে পার্থ! আত্মনি এব পরমানন্দরূপে) আত্মনা (স্বয়মেব) তুষ্টঃ [সন্] যদা মনোগতান্ সর্ব্বান্ কামান্ প্রজহাতি (ত্যজতি) তদা [সঃ] স্থিতপ্রজ্ঞঃ উচ্যতে॥ ৫৫

অন্বয়ঃ।—দুঃখেষু অনুদ্বিগ্নমনাঃ, (অক্ষুব্ধচিত্তঃ) সুখেষু

স্থিতপ্রজ্ঞের লক্ষণ কি? তিনি কিরূপ কহেন, কিরূপে থাকেন ও কিরূপে চলেন॥ ৫৪

অনুবাদ।—ভগবান কহিলেন,—পরমানন্দ স্বরূপ আত্মাতে স্বয়ংই পরিতুষ্ট হইয়া যখন মনোগত সমুদয় বাসনা পরিত্যাগ করেন, তখনই তিনি 'স্থিতপ্রজ্ঞ' নামে উক্ত হন॥ ৫৫

অনুবাদ।—যিনি দুঃখে অনুদ্বিগ্নচিত্ত, সুখেও নিস্পৃহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭

যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৮

বিগতস্পৃহঃ, (স্পৃহাহীনঃ) বীতরাগভয়ক্রোধঃ (নিশ্চলস্বভাবঃ) মুনিঃ স্থিতধীঃ (স্থিতপ্রজ্ঞঃ) উচ্যতে ॥ ৫৬

অন্বয়ঃ।—যঃ সর্ব্বত্র অনভিস্নেহঃ (মমতাশূন্যঃ), তত্তৎ শুভাশুভং প্রাপ্য ন অভিনন্দতি, (প্রীতিমনুভবতি) ন দ্বেষ্টি, (অপ্রীতিং ভজতে) তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭

অন্বয়ঃ।—যদা চ, অয়ং কূর্ম্মঃ অঙ্গানি ইব (কূর্ম্মো যথা স্বভাবেনৈব অঙ্গানি আকর্ষতি তদ্বৎ) ইন্দ্রিয়ার্থেভ্যঃ

এবং যাঁহার আসক্তি নাই,—ভয় নাই—ক্রোধও নাই—এতাদৃশ মুনি স্থিতপ্রজ্ঞ, বলিয়া খ্যাত ॥ ৫৬

অনুবাদ।—যিনি সর্ব্ববিষয়ে মমতাহীন প্রিয় বা অপ্রিয় বস্তু প্রাপ্তিতে যাঁহার সন্তোষ বা দ্বেষ নাই, তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হইয়াছে ॥ ৫৭

অনুবাদ।—কূর্ম্ম যেমন কর-চারণাদি স্বীয় অঙ্গের মধ্যে সঙ্কুচিত করিয়া রাখে, সেইরূপ যখন তিনি ইন্দ্রিয়গণকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে ॥ ৫৯

যততো হ্যপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ ॥ ৬০

(বিষয়েভ্যঃ) ইন্দ্রিয়াণি সর্ব্বশঃ (সর্ব্বতোভাবেন) সংহরতে, (আকর্ষতি) তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৮

অন্বয়ঃ।—নিরাহারস্য (ইন্দ্রিয়ৈর্বিষয়গ্রহণমকুর্ব্বতঃ) দেহিনঃ (দেহাভিমানিনঃ অজ্ঞস্য) বিষয়াঃ (তদনুভবাঃ) রসবর্জ্জং (রসঃ রাগঃ অভিলাষস্তদ্বর্জ্জং) বিনিবর্ত্তন্তে [নতু অভিলাষঃ ইতি ভাবঃ] অস্য (স্থিতপ্রজ্ঞস্য) রসঃ (রাগঃ) অপি পরং (পরমাত্মানং) দৃষ্ট্বা [স্বতএব] নিবর্ত্ততে ॥ ৫৯

অন্বয়ঃ।—হে কৌন্তেয়। যততঃ (মোক্ষার্থং প্রযতমানস্য)

বিষয় হইতে প্রত্যাহৃত করিয়া আত্মাতেই লীন রাখেন, তখন তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হয় ॥ ৫৮

অনুবাদ।—ইন্দ্রিয়দ্বারা বিষয় গ্রহণ করে না এরূপ দেহীর বিষয়ানুভব নিবৃত্ত হয় [কিন্তু ভোগেচ্ছা থাকে]। পরন্তু স্থিতপ্রজ্ঞ ব্যক্তির বিষয় বাসনা পরমাত্মদর্শনে বিলুপ্ত হয়। [ভোগেচ্ছা থাকে না] ॥ ৫৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬১
ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে ॥৬২

অপি বিপশ্চিতঃ (বিবেকিনঃ) পুরুষস্য প্রমাথীনি (প্রমথনশীলানি) ইন্দ্রিয়াণি প্রসভং (বলাৎ) মনঃ হরন্তি ॥ ৬০

অন্বয়ঃ।—যুক্তঃ [যোগী] তানি সর্ব্বাণি (ইন্দ্রিয়াণি) সংযম্য (আয়ত্তীকৃত্য) মৎপরঃ [সন্] আসীত (তিষ্ঠেৎ); হি (যতঃ) যস্য ইন্দ্রিয়াণি বশে (বশবর্ত্তীনি) তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা [ভবতি] ॥ ৬১

অন্বয়ঃ।—বিষয়ান্ ধ্যায়তঃ (চিন্তয়তঃ) পুংসঃ তেষু

অনুবাদ।—হে কৌন্তেয়! চিত্তের বিক্ষোভসম্পাদক ইন্দ্রিয়গণ মোক্ষার্থ প্রযত্নশীল বিবেকী ব্যক্তিরও মনকে বলপূর্ব্বক হরণ করে (বিষয়ে আকৃষ্ট করে) ॥ ৬০

অনুবাদ।—যোগী সেই সকল ইন্দ্রিয়কে সংযত করিয়া মৎপরায়ণ হইয়া অবস্থান করিবেন। যাঁহার ইন্দ্রিয় সকল বশীভূত হইয়াছে, তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হইয়াছে ॥ ৬১

অনুবাদ।—বিষয়-ধ্যানকারী পুরুষের সেই সকল বিষয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্‌বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥ ৬৩

[বিষয়েষু] সঙ্গঃ (আসক্তিঃ) উপজায়তে (ভবতি); সঙ্গাৎ কামঃ সংজায়তে; কামাৎ [যেন কেনচিৎ প্রতিহতত্বাৎ] ক্রোধঃ অভিজায়তে (উদ্‌ভবতি) ॥ ৬২

অন্বয়ঃ।—ক্রোধাৎ সংমোহঃ (কার্য্যাকার্য্যবিবেকাভাবঃ) ভবতি; সংমোহাৎ স্মৃতিবিভ্রমঃ (আচার্য্যোপদিষ্টার্থাৎ বিচলনম্) [ভবতি]; স্মৃতিভ্রংশাৎ বুদ্ধিনাশঃ [ভবতি]; বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি (মৃতপ্রায়ো ভবতি) ॥ ৬৩

আসক্তি উৎপন্ন হয়। আসক্তি হইতে কামনা জন্মে, এবং কামনা কোনরূপে প্রতিহত হইলে, তাহা হইতে ক্রোধের উদ্রেক হয় ॥ ৬২

অনুবাদ।—ক্রোধ হইতে কার্য্যাকার্য্য বিবেচনা দূরীভূত হয়; [সুতরাং] তাহা হইতে স্মৃতিভ্রংশ জন্মে; স্মৃতিভ্রংশ হইতে বুদ্ধিনাশ হয় এবং বুদ্ধিনাশ হইতেই মনুষ্য মৃততুল্য হইয়া থাকে (জীবন্মৃতি অবস্থায় কালাতিপাত করে) ॥ ৬৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাগদ্বেষবিমুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্ ।
আত্মবশ্যৈর্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥ ৬৪
প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে ।
প্রসন্নচেতসো হ্যাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ॥ ৬৫

অন্বয়ঃ ।—রাগদ্বেষবিমুক্তৈঃ (রাগদ্বেষরহিতৈঃ) আত্মবশ্যৈঃ (স্বাধীনৈঃ) ইন্দ্রিয়ৈঃ বিষয়ান্ চরন্ (ভুঞ্জানঃ অপি) বিধেয়াত্মা (বিধেয়ো বশবর্ত্তী আত্মা মনঃ যস্য সঃ) প্রসাদম্ (শান্তিম্) অধিগচ্ছতি (প্রাপ্নোতি ॥ ৬৪

অন্বয়ঃ ।—প্রসাদে [সতি] অস্য সর্ব্বদুঃখানাং হানিঃ (নাশঃ) উপজায়তে (ভবতি), প্রসন্নচেতসো হি বুদ্ধিঃ আশু (শীঘ্রং) পর্য্যবতিষ্ঠতে (প্রতিষ্ঠিতা ভবতি) ॥ ৬৫

অনুবাদ ।—রাগদ্বেষ-বিবর্জ্জিত আত্মবশীভূত ইন্দ্রিয়গণ দ্বারা বিষয় সকল ভোগ করিলেও নিগৃহীতচিত্ত ব্যক্তি চিত্তপ্রসাদ লাভ করেন ॥ ৬৪

অনুবাদ ।—চিত্তপ্রসাদ জন্মিলে সমস্ত দুঃখের শান্তি হয় এবং প্রসন্নচেতা ব্যক্তির বুদ্ধি শীঘ্রই [পরমাত্মাতে] প্রতিষ্ঠা লাভ করে ॥ ৬৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust, Funding by MoE-IKS

নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্ ॥ ৬৬
ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি ॥ ৬৭

অন্বয়ঃ।—অযুক্তস্য (অবশীকৃতেন্দ্রিয়স্য) বুদ্ধিঃ (প্রজ্ঞা) নাস্তি; অযুক্তস্য ভাবনা চ (ধ্যানং) ন [অস্তি], অভাবয়তশ্চ (আত্মধ্যানমকুর্ব্বতঃ) শান্তিঃ ন [অস্তি] অশান্তস্য সুখং (মোক্ষানন্দঃ) কুতঃ ॥ ৬৬

অন্বয়ঃ।—হি (যতঃ) চরতাম্ [অবশীকৃতানাম্] ইন্দ্রিয়াণাং [মধ্যে] মনঃ যৎ (একম্) অনুবিধীয়তে (অনুগচ্ছতি), তৎ [ইন্দ্রিয়ম্] বায়ুঃ অম্ভসি (সমুদ্রে) নাবং (নৌকাম্) ইব অস্য (মনসঃ পুরুষস্য বা) প্রজ্ঞাং হরতি (বিষয়বিক্ষিপ্তাং করোতি) ॥ ৬৭

অনুবাদ—অজিতেন্দ্রিয় ব্যক্তির বুদ্ধি নাই; অজিতেন্দ্রিয় ব্যক্তির ভাবনা (আত্মজ্ঞান) ও নাই। আত্মধ্যানহীন ব্যক্তির শান্তি (চিত্তের উপরতি) নাই। শান্তিহীনের সুখ অর্থাৎ মোক্ষানন্দ কোথায়? ৬৬

অনুবাদ।—যেহেতু, প্রতিকূল বায়ু যেমন সমুদ্রমধ্যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মাদ্‌যস্য মহাবাহো নিগৃহীতানি সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮
যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥ ৬৯

অন্বয়ঃ।—তস্মাৎ [হে] মহাবাহো! যস্য ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেভ্যঃ (বিষয়েভ্যঃ) সর্ব্বশঃ (সর্ব্বতোভাবেন) নিগৃহীতানি, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮

অন্বয়ঃ।—সর্ব্বভূতানাং (আত্মজ্ঞানান্ধত্বাৎ সর্ব্বেষাং প্রাণিনাং) যা নিশা (নিশা ইব আত্মনিষ্ঠা, তস্যাং তেষাং দর্শনাদিব্যবহারাভাবাৎ) সংযমী (জিতেন্দ্রিয়ঃ) তস্যাং

নৌকাকে বিচলিত করে, সেইরূপ মন উচ্ছৃঙ্খল ভাবে বিষয়ভোগ-নিরত অবিজিত ইন্দ্রিয়গণের মধ্যে যেটির অনুসরণ করে, সেইটিই তাহার প্রজ্ঞাকে হরণ পূর্ব্বক বিষয় বিক্ষিপ্ত করিয়া থাকে ॥ ৬৭

অনুবাদ।—অতএব হে মহাবাহো! যাঁহার সমস্ত ইন্দ্রিয় স্ব স্ব বিষয় হইতে সর্ব্বতোভাবে নিগৃহীত হইয়াছে, তাঁহারই প্রজ্ঞা প্রতিষ্ঠিত ॥ ৬৮

অনুবাদ।—আত্মজ্ঞানবিহীন প্রাণিগণের পক্ষে যাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥ ৭০

জাগর্ত্তি (প্রবুধ্যতে); যস্যাং (বিষয়নিষ্ঠায়াং) ভূতানি জাগ্রতি (প্রবুধ্যন্তে), সা (বিষয়নিষ্ঠা) পশ্যতঃ (আত্ম-তত্ত্বমবলোকয়তঃ) মুনেঃ নিশা (রাত্রিরিব) [তস্যাং দর্শনাদিব্যাপারঃ তস্য নাস্তি ইত্যর্থঃ] ॥ ৬৯

অন্বয়ঃ।—যদ্বৎ [অন্যাঃ] আপঃ (নানানদীভিঃ) আপূর্য্যমাণম্ [অপি] অচলপ্রতিষ্ঠং (অনতিক্রান্ত-মর্য্যাদং) সমুদ্রং প্রবিশন্তি, তদ্বৎ সর্ব্বে কামাঃ (ভোগাঃ) যং (অন্তর্দৃষ্টিং মুনিং) প্রবিশন্তি, সঃ শান্তিম্ (কৈবল্যম্) আপ্নোতি (লভতে), কামকামী (ভোগাভিলাষী) তু ন ॥ ৭০

(বিষয় বুদ্ধি) রাত্রি-স্বরূপ, জিতেন্দ্রিয় ব্যক্তি তাহাতে জাগরিত থাকেন এবং যে বিষয়-নিষ্ঠাতে সর্ব্বভূত জাগরিত থাকে, তাহা আত্মদর্শী মুনির পক্ষে রাত্রি স্বরূপ ॥ ৬৯

অনুবাদ।—যেমন নানা নদ-নদীর জলে সম্যক্‌রূপে পরিপূর্ণ হইয়াও যে সমুদ্র স্বীয় মর্য্যাদা প্রতিষ্ঠিত রাখিয়াছে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১

অন্বয়ঃ।—যঃ পুমান্ সর্ব্বান্ কামান্ (কাম্যপদার্থান্) বিহায় (উপেক্ষ্য) [অপ্রাপ্তেষু] নিস্পৃহঃ, [যতঃ] নিরহঙ্কারঃ [অতএব তদ্‌ভোগসাধনে] নির্ম্মমঃ [সন্] চরতি, (প্রারব্ধবশেন ভোগান্ ভুঙ্‌ক্তে; যত্র কুত্রাপি গচ্ছতি বা) সঃ শান্তিম্ অধিগচ্ছতি (প্রাপ্নোতি)॥ ৭১

তাহাতেই অন্যান্য বারিধারা প্রবেশ করে অর্থাৎ বিলীন হইয়া যায়, সেইরূপ বিষয়ভোগে বিকারহীন যে মুনিতে কামনা সকল প্রবেশ করে অর্থাৎ বিলীন হইয়া যায়,— তাঁহাকে বিচলিত করিতে পারে না—তিনিই শান্তি লাভ করিয়া থাকেন। পরন্তু বিষয়কামী ব্যক্তি তাদৃশ শান্তি লাভের অধিকারী নহে॥ ৭০

অনুবাদ।—যিনি সর্ব্ববিধ কামনা পরিত্যাগপূর্ব্বক নিস্পৃহ, নিরহঙ্কার ও মমতা শূন্য হইয়া বিষয় ভোগ করেন অথবা যথেচ্ছভাবে সংসারক্ষেত্রে বিচরণ করেন, তিনিই শান্তিলাভ করেন॥ ৭১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥ ৭২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে সাংখ্যযোগোনাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

অন্বয়ঃ।—হে পার্থ! ব্রাহ্মী স্থিতিঃ (ব্রহ্মজ্ঞাননিষ্ঠা) এষা (ঈদৃশী) [ঈশ্বরারাধনেন বিশুদ্ধান্তঃকরণঃ পুমান্] এনাং (ব্রাহ্মীং স্থিতিং) প্রাপ্য ন বিমুহ্যতি (সংসারমোহং ন প্রাপ্নোতি), অন্তকালে (মৃত্যুসময়ে) অপি অস্যাং স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণম্ (ব্রহ্মণি লয়ম্) ঋচ্ছতি (প্রাপ্নোতি) ॥ ৭২

অনুবাদ।—হে পার্থ! ব্রহ্মজ্ঞাননিষ্ঠা এই প্রকার; ইহা প্রাপ্ত হইলে বিশুদ্ধ চিত্ত ব্যক্তি সংসারমোহ প্রাপ্ত হন না। মৃত্যুকালেও এই অবস্থায় অবস্থিত হইলে, ব্রহ্মনির্ব্বাণ প্রাপ্ত হওয়া যায় ॥ ৭২

ইতি সাংখ্যযোগ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয়োঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জ্জনার্দ্দন।
তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব॥ ১
ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।
তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্॥ ২

অন্বয়ঃ।—অর্জ্জুন উবাচ।—হে জনার্দ্দন! হে কেশব! চেৎ (যদি) কর্ম্মণঃ (কর্ম্ম-যোগাৎ) বুদ্ধিঃ (বুদ্ধিযোগঃ) জ্যায়সী (প্রশস্ততরা) তে (তব) মতা, তৎ (তর্হি) কিং (কথং) ঘোরে (হিংসাত্মকে) কর্ম্মণি মাং নিয়োজয়সি॥ ১

অন্বয়ঃ।—ব্যামিশ্রেণ (ক্বচিৎ কর্ম্মপ্রশংসা, ক্বচিৎ জ্ঞান-প্রশংসা ইত্যেবং সন্দেহপ্রতিপাদকেন) এব বাক্যেন মে

অনুবাদ।—অর্জ্জুন কহিলেন,—হে জনার্দ্দন! হে কেশব! যদি কর্ম্মযোগ অপেক্ষা বুদ্ধি (জ্ঞানযোগ) তোমার মতে শ্রেষ্ঠ হয়, তবে কেন এই ঘোরতর হিংসাত্মক কার্য্যে আমাকে নিযুক্ত করিতেছ? ১

অনুবাদ।—[কখন কর্ম্ম-প্রশংসা কখন বা জ্ঞান-প্রশংসা] এইরূপ সন্দেহজনক বাক্যে আমার বুদ্ধিকে যেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ উবাচ।

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ।
জ্ঞানযোগেন সাঙ্খ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্॥ ৩

বুদ্ধিং মোহয়সি ইব; [দ্বয়োর্মধ্যে] তৎ একং নিশ্চিত্য বদ, যেন অহং শ্রেয়ঃ (মঙ্গলং) আপ্নুয়াম্ (লভেয়)॥ ২

অন্বয়ঃ।—শ্রীভগবান্ উবাচ।—হে অনঘ! অস্মিন্ লোকে দ্বিবিধা নিষ্ঠা (মোক্ষপরতা) ময়া পুরা (পূর্ব্বাধ্যায়ে) প্রোক্তা (কথিতা); সাংখ্যানাং (শুদ্ধান্তঃকরণানাং জ্ঞানভূমিকামারূঢ়ানাং) জ্ঞানযোগেন (ধ্যানাদিনা); যোগিনাং (চিত্তশুদ্ধিকামানাং সাঙ্খ্যভূমিকামারোহার্থং তদুপায়ভূতকর্ম্মযোগাধিকারিণাং) কর্ম্মযোগেন [নিষ্ঠা ভবতি]॥ ৩

বিমোহিত করিতেছ; [কর্ম্ম ও জ্ঞান] এই দুইটির মধ্যে আমি যাহাতে শ্রেয়োলাভ করিতে পারি, সেই একটি তুমি নিশ্চয় করিয়া আমায় উপদেশ কর॥ ২

অনুবাদ।—শ্রীভগবান্ কহিলেন,—হে অনঘ! ইহলোকে দুই প্রকার নিষ্ঠা দৃষ্ট হয়; পূর্ব্বাধ্যায়ে আমি ইহা বলিয়াছি। সাঙ্খ্য অর্থাৎ জ্ঞানীদিগের জ্ঞানযোগদ্বারা এবং যোগীদিগের কর্ম্মযোগদ্বারা [নিষ্ঠা হয়]॥ ৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥ ৪

ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥ ৫

অন্বয়ঃ।—পুরুষঃ কর্ম্মণাম্ অনারম্ভাৎ (অননুষ্ঠানাৎ) নৈষ্কর্ম্ম্যং (জ্ঞানং) ন অশ্নুতে (প্রাপ্নোতি); [চিত্তশুদ্ধিং বিনা কৃতাৎ] সন্ন্যসনাৎ এব সিদ্ধিং (মোক্ষং) চ ন সমধিগচ্ছতি (প্রাপ্নোতি) ॥ ৪

অন্বয়ঃ।—জাতু (কদাচিৎ) [কস্যাঞ্চিৎ অবস্থায়াং] ক্ষণমপি কশ্চিৎ (জ্ঞানী অজ্ঞো বা) অকর্ম্মকৃৎ (কর্ম্মাণি অকুর্ব্বাণঃ) ন হি তিষ্ঠতি; প্রকৃতিজৈঃ (স্বাভাবিকৈঃ) গুণৈঃ (রাগদ্বেষাদিভিঃ) সর্ব্বঃ (সর্ব্বোঽপি জনঃ) অবশঃ (অস্বতন্ত্রঃ সন্) কর্ম্ম কার্য্যতে ॥ ৫

অনুবাদ।—কর্ম্মের অনুষ্ঠান ব্যতীত কেহ নৈষ্কর্ম্ম্য (জ্ঞান) লাভ করিতে পারে না। কেবল সন্ন্যাস অবলম্বন করিলেও কেহ সিদ্ধি লাভ করিতে পারে না ॥ ৪

অনুবাদ।—জ্ঞানী বা অজ্ঞ কোন ব্যক্তিই কর্ম্ম না করিয়া ক্ষণকালও অবস্থান করিতে পারে না। রাগদ্বেষাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে ॥ ৬
যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জ্জুন।
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে ॥ ৭

অন্বয়ঃ।—যঃ কর্ম্মেন্দ্রিয়াণি (বাগাদীনি) সংযম্য (নিগৃহ্য) মনসা ইন্দ্রিয়ার্থান্ (বিষয়ান্) স্মরন্ (ধ্যায়ন্) আস্তে (তিষ্ঠতি), স বিমূঢ়াত্মা (বিমূঢ়চিত্তঃ) মিথ্যাচারঃ (কপটাচারঃ) উচ্যতে ॥ ৬

অন্বয়ঃ।—হে অর্জ্জুন! যস্তু মনসা ইন্দ্রিয়াণি নিয়ম্য (সম্যঙ্‌নিরুধ্য ঈশ্বরপরাণি কৃত্বেত্যর্থঃ) কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্ম-যোগম্ আরভতে (অনুতিষ্ঠতি) অসক্তঃ (ফলাভিলাষরহিতঃ) স বিশিষ্যতে (বিশিষ্টো ভবতি) ॥ ৭

প্রকৃতিজাত গুণসকল মনুষ্যগণকে অবশ করিয়া কর্ম্ম করাইয়া থাকে ॥ ৫

অনুবাদ।—যে ব্যক্তি কর্ম্মেন্দ্রিয়গণকে সংযত করিয়া, মনে মনে ইন্দ্রিয়ের বিষয়গুলি স্মরণ করে, সেই বিমূঢ়াত্মাকে কপটাচার বলা যায় ॥ ৬

অনুবাদ।—হে অর্জ্জুন! কিন্তু যিনি মনদ্বারা জ্ঞানেন্দ্রিয়-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মণঃ ।
শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ ॥ ৮
যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর ॥ ৯

অন্বয়ঃ ।—ত্বং নিয়তং (নিত্যং) কর্ম্ম কুরু; হি (যতঃ) অকর্ম্মণঃ (কর্ম্মাকরণাৎ) কর্ম্ম জ্যায়ঃ (গরীয়ঃ); অকর্ম্মণঃ (সর্ব্বকর্ম্মশূন্যস্য) চ তে (তব) শরীরযাত্রা (দেহরক্ষা) অপি ন প্রসিধ্যেৎ (ন ভবেৎ) ॥ ৮

অন্বয়ঃ ।—যজ্ঞার্থাৎ (যজ্ঞঃ অত্র বিষ্ণুঃ তদারাধনার্থাৎ) কর্ম্মণঃ অন্যত্র (তদেকং বিনা) অয়ং লোকঃ কর্ম্মবন্ধনঃ (কর্ম্মভিঃ বধ্যতে; নতু ঈশ্বরারাধনার্থেন কর্ম্মণা);

গণকে নিয়মিত করিয়া কর্ম্মেন্দ্রিয় দ্বারা কর্ম্মযোগের অনুষ্ঠান করেন, সেই ফলাভিলাষহীন ব্যক্তি শ্রেষ্ঠ ॥ ৭

অনুবাদ ।—তুমি শাস্ত্র-নির্দ্দিষ্ট নিত্য কর্ম্মের অনুষ্ঠান কর। কেন না, কর্ম্ম না করা অপেক্ষা কর্ম্ম করাই ভাল। যদি তুমি সর্ব্ববিধ কর্ম্ম ত্যাগ কর, তাহা হইলে তোমার শরীরযাত্রাই নির্ব্বাহ হইবে না ॥ ৮

অনুবাদ ।—বিষ্ণুর আরাধনার্থ কর্ম্ম ব্যতীত অন্য কর্ম্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্ ॥ ১০
দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ ॥ ১১

[অতঃ] তদর্থং (বিষ্ণুপ্রীত্যর্থং) মুক্তসঙ্গঃ (নিষ্কামঃ [সন্] কর্ম্ম (বিহিতং কর্ম্ম) সমাচর (সম্যক্ অনুতিষ্ঠ) ॥ ৯

অন্বয়ঃ।—পুরা (সর্গাদৌ) প্রজাপতিঃ (ব্রহ্মা) সহযজ্ঞাঃ (যজ্ঞসহিতাঃ) প্রজাঃ (লোকান্) সৃষ্ট্বা উবাচ অনেন (যজ্ঞেন) প্রসবিষ্যধ্বম্ (উত্তরোত্তরামভিবৃদ্ধিং লভধ্বম্); এষঃ (যজ্ঞঃ) বঃ (যুষ্মাকম্) ইষ্টকামধুক্ (অভীষ্টভোগপ্রদঃ) অস্তু (ভবতু) ১০

অন্বয়ঃ।—অনেন (যজ্ঞেন) [যূয়ং] দেবান্ (ইন্দ্রাদীন্

কেবল বন্ধনেরই কারণ হয়; অতএব হে কৌন্তেয়! তুমি নিষ্কাম হইয়া বিষ্ণুর উদ্দেশে বিহিত কর্ম্ম কর ॥ ৯

অনুবাদ।—সৃষ্টির আরম্ভে প্রজাপতি যজ্ঞসহ প্রজা সকল সৃষ্টি করিয়া বলিয়াছিলেন,—‘এই যজ্ঞের দ্বারা তোমরা উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হও। এই যজ্ঞই তোমাদিগের মনোবাঞ্ছিত ফল দান করিবে’ ॥ ১০

অনুবাদ।—এই যজ্ঞদ্বারা তোমরা দেবগণকে সন্তুষ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দ্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ ॥ ১২

ভাবয়ত (হবি-র্ভাগৈঃ সংবর্দ্ধয়ত) ; তে দেবাঃ বঃ (যুষ্মান্) [বৃষ্ট্যাদিনা অন্নোৎপত্তিদ্বারেণ] ভাবয়ন্তু (বর্দ্ধয়ন্তু); [এবং] পরস্পরং (অন্যোন্যং) ভাবয়ন্তঃ (বর্দ্ধয়ন্তঃ) পরং শ্রেয়ঃ (কল্যাণং) অবাপ্স্যথ (লভধ্বম্) ॥ ১১

অন্বয়ঃ ।—হি (যতঃ) দেবাঃ যজ্ঞভাবিতাঃ [সন্তঃ] [বৃষ্ট্যাদিনা] বঃ (যুষ্মভ্যং) ইষ্টান্ (অভিলষিতান্) ভোগান্ দাস্যন্তে। তৈঃ দত্তান্ (অন্নাদীন্) এভ্যঃ (দেবেভ্যঃ) [পঞ্চযজ্ঞাদিভিঃ] অপ্রদায় (অদত্ত্বা) যঃ [স্বয়ং] ভুঙ্‌ক্তে, সঃ স্তেনঃ (চৌরঃ) এব ॥ ১২

দানে পোষণ কর এবং সেই দেবগণও, তোমাদিগকে বৃষ্ট্যাদি দ্বারা পোষণ করুন ; এইরূপে পরস্পর পরিপোষণ দ্বারা তোমরা পরম মঙ্গল লাভ কর ॥ ১১

অনুবাদ ।—যেহেতু যজ্ঞে সংবর্দ্ধিত দেবগণ তোমাদিগকে বাঞ্ছিত ভোগ্য পদার্থ প্রদান করিবেন। তাঁহাদের প্রদত্ত ভোগ্য বস্তু সকল তাঁহাদিগকে প্রদান না করিয়া যে ব্যক্তি স্বয়ং ভোগ করে, সে চোর ॥ ১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।
ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ ॥ ১৩

অন্বয়ঃ।—যজ্ঞশিষ্টাশিনঃ (বৈশ্বদেবাদিযজ্ঞাবশিষ্টভোজিনঃ) সন্তঃ (সাধবঃ) সর্ব্বকিল্বিষৈঃ (সর্ব্বপাপৈঃ) মুচ্যন্তে। যে তু আত্মকারণাৎ (আত্মভোজনার্থং) পচন্তি, তে পাপাঃ (দুরাচারাঃ) অঘং (পাপম্) [এব] ভুঞ্জতে ॥ ১৩

অনুবাদ।—বৈশ্বদেবাদি যজ্ঞাবশিষ্ট * ভোজনকারী সাধুগণ সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত হন; যাহারা কেবল আপনার জন্যই অন্ন পাক করে, সেই পাপিষ্ঠগণ কেবল পাপই ভোজন করিয়া থাকে ॥ ১৩

---

* গৃহীদিগের পঞ্চযজ্ঞ যথা।—(১) দেবযজ্ঞ (অগ্নিহোত্রাদি); (২) ঋষিযজ্ঞ (বেদাধ্যয়নাদি); (৩) ভূতযজ্ঞ (বলিবৈশ্বাদি); (৪) মনুষ্যযজ্ঞ (অতিথি সেবাদি); (৫) পিতৃযজ্ঞ (শ্রাদ্ধতর্পণাদি); অপিচ স্মৃতিশাস্ত্রে গৃহস্থগণের পাঁচটি হিংসাস্থান নির্দ্দিষ্ট আছে; যথা উদূখল (ঢেঁকি) যাঁতা, চুল্লী, জলকুম্ভ ও সম্মার্জ্জনী (ঝাঁটা) এই সকল হিংসাস্থান হইতে তাঁহাদের প্রত্যহ কিঞ্চিৎ কিঞ্চিৎ পাপ সঞ্চার হয়; পঞ্চ যজ্ঞদ্বারা ঐ হিংসাস্থান-জনিত পাপ দূরীভূত হইয়া থাকে।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ
যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ ॥ ১৪
কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।
তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫

অন্বয়ঃ।—ভূতানি (জীবাঃ) [শুক্রশোণিতরূপেণ পরিণতাৎ] অন্নাৎ (ভুক্তদ্রব্যাৎ) ভবন্তি, পর্জ্জন্যাৎ (বৃষ্টেঃ) অন্নসম্ভবঃ (অন্নোৎপত্তিঃ); পর্জ্জন্যঃ যজ্ঞাৎ ভবতি, যজ্ঞশ্চ কর্ম্মসমুদ্ভবঃ (কর্ম্মভ্য উৎপদ্যতে) ॥ ১৪

অন্বয়ঃ।—কর্ম্ম ব্রহ্মোদ্ভবং (ব্রহ্ম বেদঃ তস্মাৎ প্রবৃত্তং) বিদ্ধি (জানীহি); ব্রহ্ম (বেদঃ) অক্ষর-সমুদ্ভবং (পরব্রহ্ম-সম্ভূতম্); তস্মাৎ সর্ব্বগতং (সর্ব্বব্যাপি) ব্রহ্ম (পরমাত্মা) নিত্যং (সদা) যজ্ঞে প্রতিষ্ঠিতম্ (যজ্ঞেন উপায়ভূতেন প্রাপ্যতে ইত্যর্থঃ) ॥ ১৫

অনুবাদ।—প্রাণিগণ শুক্রশোণিতরূপে পরিণত অন্ন হইতে উৎপন্ন হয়; বৃষ্টি হইতে অন্নের উৎপত্তি হয়; যজ্ঞ হইতে বৃষ্টি হয় এবং কর্ম্ম হইতে যজ্ঞ উৎপন্ন হইয়া থাকে ॥ ১৪

অনুবাদ।—কর্ম্ম বেদ হইতে উৎপন্ন জানিও; বেদ পরব্রহ্ম হইতে জাত। অতএব সর্ব্বব্যাপী পরব্রহ্ম সর্ব্বদা যজ্ঞে প্রতিষ্ঠিত আছেন ॥ ১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি ॥ ১৬

যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ।
আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে ॥ ১৭

অন্বয়ঃ।—এবং প্রবর্ত্তিতং চক্রং যঃ ইহ ন অনুবর্ত্তয়তি (নানুতিষ্ঠতি) স অঘায়ুঃ (অঘং পাপরূপং আয়ুঃ জীবনং যস্য সঃ পাপজীবন ইত্যর্থঃ) ইন্দ্রিয়ারামঃ (ইন্দ্রিয়ৈঃ বিষয়েষু এব আরামো রতিঃ যস্য তাদৃশঃ ইন্দ্রিয়পরায়ণ ইত্যর্থঃ) মোঘং (ব্যর্থং) জীবতি ॥ ১৬

অন্বয়ঃ।—যস্তু মানবঃ আত্মরতিঃ (আত্মনি রতিঃ প্রীতি যস্য সঃ) আত্মতৃপ্তঃ (স্বানুভবেন নির্বৃতঃ) এব চ, আত্মনি এব সন্তুষ্টশ্চ (ভোগাপেক্ষারহিতশ্চ) স্যাৎ, তস্য কার্য্যং ন বিদ্যতে (কর্ত্তব্যং নাস্তি) ॥ ১৭

অনুবাদ।—যে ব্যক্তি এইরূপে প্রবর্ত্তিত কর্ম্মচক্রের অনুবর্ত্তন না করে, পাপময় জীবন, ইন্দ্রিয়পরায়ণ সে বৃথা জীবন ধারণ করে ॥ ১৬

অনুবাদ।—কিন্তু যিনি কেবল আত্মাতেই প্রীত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন।
ন চাস্য সর্ব্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ ॥ ১৮

তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ ॥ ১৯

অন্বয়ঃ।—ইহ (জগতি) কৃতেন (অনুষ্ঠিতেন কর্ম্মণা) তস্য অর্থঃ (পুণ্যং) নৈব [অস্তি]; ন চ অকৃতেন (অননুষ্ঠিতেন কর্ম্মণা) কশ্চন (কোঽপি) [প্রত্যবায়ঃ অস্তি]; সর্ব্বভূতেষু চ অস্য কশ্চিৎ অর্থব্যপাশ্রয়ঃ (মোক্ষে আশ্রয়ণীয়ঃ) ন [বিদ্যতে] ১৮

অন্বয়ঃ।—তস্মাৎ অসক্তঃ (নিষ্কামঃ) [সন্] সততং কার্য্যং (অবশ্যকর্ত্তব্যতয়া বিহিতং) কর্ম্ম সমাচর (অনুতিষ্ঠ);

আত্মাতেই পরিতৃপ্ত এবং আত্মাতেই সন্তুষ্ট, তাঁহার কিছুই কর্ত্তব্য কর্ম্ম নাই ॥ ১৭

অনুবাদ।—ইহলোকে কৃত কর্ম্মদ্বারা তাঁহার পুণ্য হয় না। কর্ম্মের অকরণে কোন পাপও হয় না। সর্ব্বভূতে মোক্ষলাভার্থ তাঁহার আশ্রয়ণীয় নাই, অর্থাৎ তদর্থ কাহারও সহায়তার প্রয়োজন হয় না ॥ ১৮

অনুবাদ।—অতএব আসক্তিহীন হইয়া সর্ব্বদা কর্ত্তব্যরূপে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।
লোকসংগ্রহমেবাপি সম্পশ্যন্ কর্ত্তুমর্হসি ॥ ২০
যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥ ২১

হি (যতঃ) অসক্তঃ [সন্] কর্ম্ম আচরন্ (অনুতিষ্ঠন্) পুরুষঃ পরম্ (মোক্ষম্) আপ্নোতি ॥ ১৯

অন্বয়ঃ।—জনকাদয়ঃ কর্ম্মণা এব [শুদ্ধসত্ত্বাঃ সন্তঃ] হি (অবধারণে) সংসিদ্ধিম্ (সম্যক্ জ্ঞানম্) আস্থিতাঃ (প্রাপ্তাঃ); লোকসংগ্রহম্ (লোকস্য স্বধর্ম্মে প্রবর্ত্তনম্) এব অপি সংপশ্যন্ (পর্য্যালোচয়ন্) [ত্বং কর্ম্ম] কর্ত্তুম্ অর্হসি [নতু ত্যক্তুমিত্যর্থঃ] ॥ ২০

অন্বয়ঃ।—শ্রেষ্ঠঃ যৎ যৎ আচরতি (অনুতিষ্ঠতি), ইতরঃ

বিহিত কার্য্যের অনুষ্ঠান কর। কারণ অনাসক্ত হইয়া কর্ম্ম করিলে, পুরুষ মুক্তিলাভ করেন ॥ ১৯

অনুবাদ।—জনকাদি মহাত্মারা কর্ম্ম দ্বারা [শুদ্ধসত্ত্ব হইয়া] মুক্তি লাভ করিয়াছিলেন। অতএব লোকসকলকে স্বধর্ম্মে প্রবৃত্ত রাখিবার সম্বন্ধে সম্যক্ আলোচনা করিয়া তুমিও কর্ম্ম করিতে প্রবৃত্ত হও ॥ ২০

অনুবাদ।—শ্রেষ্ঠ ব্যক্তি যাহা যাহা করেন, সাধারণ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।
নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি ॥ ২২

(প্রাকৃতঃ) জনঃ তৎ তৎ এব [আচরতি] ; সঃ (শ্রেষ্ঠঃ) [কর্ম্মশাস্ত্রং তন্নিবৃত্তিশাস্ত্রং বা] যৎ প্রমাণং কুরুতে (মন্যতে) লোকঃ [অপি] তৎ অনুবর্ত্ততে (অনুসরতি) ॥ ২১

অন্বয়ঃ।—হে পার্থ! মে (মম) কর্ত্তব্যং (করণীয়ং) নাস্তি ; [যতঃ] ত্রিষু [অপি] লোকেষু [মম] অনবাপ্তম্ (অপ্রাপ্তম্) অবাপ্তব্যং (প্রাপ্যং) কিঞ্চন (কিমপি বস্তু) [ন অস্তি ; তথাপি অহং] কর্ম্মণি বর্ত্তে এব (অবহিতঃ সন্ কর্ম্ম করোম্যেব) ॥ ২২

লোকেও সেই সেই কর্ম্মই করিয়া থাকে। শ্রেষ্ঠ ব্যক্তি যাহা প্রামাণিক বলিয়া স্বীকার করেন, অন্যান্য লোকেও তাহারই অনুবর্ত্তন করে॥ ২১

অনুবাদ।—হে পার্থ! আমার কিছুমাত্র কর্ত্তব্য নাই ; [কারণ] ত্রিভুবনে আমার অপ্রাপ্ত বা পাইবার যোগ্য কোন বস্তুই বিদ্যমান নাই ; তথাপি আমি নিয়ত কর্ম্মে প্রবৃত্ত হইয়াই আছি ॥ ২২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ ।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥ ২৩
উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্ ।
সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৪

অন্বয়ঃ ।—হে পার্থ! যদি অহং জাতু (কদাচিৎ) অতন্দ্রিতঃ (অনলসঃ) [সন্] কর্ম্মণি ন বর্ত্তেয়ম্ (কর্ম্ম নানুতিষ্ঠেয়ম্) [তর্হি] হি (নিশ্চিতং) [সর্ব্বে এব] মনুষ্যাঃ মম বর্ত্ম (মার্গং) সর্ব্বশঃ (সর্ব্বৈর্ণেব প্রকারেণ) অনুবর্ত্তন্তে (অনুবর্ত্তেরন্) ॥ ২৩

অন্বয়ঃ ।—চেৎ (যদি) অহং কর্ম্ম ন কুর্য্যাম্, [তর্হি] ইমে লোকাঃ উৎসীদেয়ুঃ (কর্ম্মলোপেন নশ্যেয়ুঃ); [অহং] সঙ্করস্য চ কর্ত্তা স্যাম্ (ভবেয়ম্), [এবম্ অহমেব] ইমাঃ-প্রজাঃ উপহন্যাম্ (মলিনীকুর্য্যাম্) ॥ ২৪

অনুবাদ ।—হে পার্থ, আমি আলস্য-পরিশূন্য হইয়া যদি কখনও কর্ম্মের অনুষ্ঠান না করি, তবে নিশ্চয়ই মনুষ্যগণ সর্ব্বথা আমারই পথের অনুকরণ করিবে অর্থাৎ আমায় কর্ম্মহীন দেখিয়া কর্ম্ম করিবে না ॥ ২৩

অনুবাদ ।—আমি যদি কর্ম্ম না করি, তবে কর্ম্মলোপে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত।
কুর্য্যাদ্‌বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্ ॥২৫
ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
জোষয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্ ॥ ২৬

অন্বয়ঃ।—হে ভারত! কর্ম্মণি সক্তাঃ (অভিনিবিষ্টাঃ) অবিদ্বাংসঃ (অজ্ঞাঃ) যথা [কর্ম্মাণি] কুর্ব্বন্তি, বিদ্বান্ [অপি] অসক্তঃ [সন্] লোকসংগ্রহং চিকীর্ষুঃ (লোকান্ স্বধর্ম্মে প্রবর্ত্তয়িতুমিচ্ছুঃ) তথা কুর্য্যাৎ॥ ২৫

অন্বয়ঃ।—অজ্ঞানাং (অবিবেকিনাং) কর্ম্মসঙ্গিনাং (কর্ম্মাসক্তানাং) [অকর্ত্ত্রাত্মোপদেশেন] বুদ্ধিভেদং ন জনয়েৎ (নোৎপাদয়েৎ); [অপিতু] বিদ্বান্ (ব্রহ্মবিৎ)

বশতঃ সকল লোকই বিনষ্ট হইবে। তাহা হইলে আমিই [ধর্ম্মলোপ বশতঃ] বর্ণসঙ্করের কর্ত্তা হইব এবং আমিই প্রজাগণকে [মলিনচরিত্র করিয়া] বিনষ্ট করিব॥ ২৪

অনুবাদ।—হে ভারত! কর্ম্মাসক্ত অজ্ঞগণ যেরূপ কর্ম্ম করিয়া থাকে, অনাসক্ত জ্ঞানীও লোকশিক্ষার অভিলাষী হইয়া সেইরূপ করিবেন॥ ২৫

অনুবাদ।—কর্ম্মাসক্ত অজ্ঞ ব্যক্তিগণের বুদ্ধিভেদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে ॥ ২৭

তত্ত্ববিত্তু মহাবাহো গুণকর্ম্মবিভাগয়োঃ।
গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে ॥ ২৮

[স্বয়ং] যুক্তঃ (অবহিতঃ) [সন্] সর্ব্বকর্ম্মাণি সমাচরন্ (অনুতিষ্ঠন্) [অজ্ঞান্ কর্ম্মণি] জোষয়েৎ (সেবয়েৎ) ॥ ২৬

অন্বয়ঃ।—প্রকৃতেঃ গুণৈঃ (প্রকৃতিকার্য্যৈঃ ইন্দ্রিয়ৈঃ) সর্ব্বশঃ (সর্ব্বপ্রকারেণ) কর্ম্মাণি ক্রিয়মাণানি ; [কিন্তু] অহঙ্কারবিমূঢ়াত্মা (অহঙ্কারেণ ইন্দ্রিয়াদিষু আত্মাধ্যাসেন বিমূঢ়বুদ্ধিঃ) "অহং কর্ত্তা" (অহমেব সর্ব্বাণি কর্ম্মাণি করোমি) ইতি মন্যতে ॥ ২৭

অন্বয়ঃ।—তু (কিন্তু) হে মহাবাহো ! গুণকর্ম্মবিভাগয়োঃ

উৎপাদন করা উচিত নহে অর্থাৎ কর্ম্মসকল নিষ্ফল ইত্যাদি বলিয়া কর্ম্ম হইতে অন্যদিকে তাহাদের বুদ্ধি বিচালিত করা উচিত নহে ; বরং ব্রহ্মজ্ঞ ব্যক্তি সাবধান হইয়া স্বয়ং কর্ম্ম করিয়া তাহাদিগকে কর্ম্মমার্গে নিযুক্ত রাখিবেন ॥ ২৬

অনুবাদ।—প্রকৃতির গুণসমূহ দ্বারা অর্থাৎ ইন্দ্রিয়গণ দ্বারা কর্ম্ম সকল সম্পাদিত হয় ; কিন্তু অহঙ্কারে বিমূঢ়চিত্ত ব্যক্তি 'আমিই কর্ত্তা' এইরূপ মনে করিয়া থাকে ॥ ২৭

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতেগুর্ণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু।
তানকৃৎস্নবিদো মন্দান্ কৃৎস্নবিন্ন বিচালয়েৎ॥ ২৯

(নাহং গুণাত্মক ইতি গুণেভ্যঃ আত্মনো বিভাগঃ, ন মে কর্ম্মাণীতি কর্ম্মভ্যশ্চ আত্মনো বিভাগঃ এতয়োঃ) তত্ত্ববিৎ (স্বরূপবেত্তা) গুণাঃ (ইন্দ্রিয়াণি) গুণেষু (বিষয়েষু) বর্ত্তন্তে [নতু অহং]—ইতি মত্বা ন সজ্জতে (কর্ত্তৃত্বাভিনিবেশং ন করোতি)॥ ২৮

অন্বয়ঃ।—প্রকৃতেঃ গুণসংমূঢ়াঃ (গুণৈঃ সত্ত্বাদিভিঃ সংমূঢ়াঃ) [অজ্ঞাঃ] গুণকর্ম্মসু (গুণেষু ইন্দ্রিয়াদিষু তৎকর্ম্মসু চ) সজ্জন্তে; কৃৎস্নবিৎ (সর্ব্বজ্ঞঃ) তান্ অকৃৎস্নবিদঃ (অজ্ঞান্) মন্দান্ (মূঢ়ান্) ন বিচালয়েৎ॥ ২৯

অনুবাদ।—কিন্তু হে মহাবাহো! গুণ হইতে আত্মার বিভাগ এবং কর্ম্ম হইতে আত্মার বিভাগ এই উভয়ের তত্ত্বজ্ঞ ব্যক্তি ইন্দ্রিয়গণই বিষয়ে (কর্ম্মে) প্রবর্ত্তিত আছে, আমি নিঃসঙ্গমাত্র, এইরূপ জানিয়া কর্ম্মে আসক্ত হন না॥ ২৮

অনুবাদ।—প্রকৃতির গুণে বিমুগ্ধ হইয়া, অজ্ঞ ব্যক্তি ইন্দ্রিয়গুণে এবং ইন্দ্রিয়কার্য্যে আসক্ত হইয়া থাকে; সর্ব্বজ্ঞ বিদ্বান্ ব্যক্তি সেই অজ্ঞ ও দুর্ম্মতিগণকে [কর্ম্ম-হইতে] বিচালিত করিবেন না॥ ২৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা।
নিরাশীর্নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ ॥ ৩০
যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ ॥ ৩১

অন্বয়ঃ।—সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য (সমর্প্য) অধ্যাত্মচেতসা (অন্তর্য্যাম্যধীনোঽহং কর্ম্ম করোমি ইতি দৃষ্ট্যা) নিরাশীঃ (নিষ্কামঃ) [অতএব] নির্ম্মমঃ (মৎফল-সাধনং মদর্থমিদং কর্ম্ম ইত্যেবং মমতাশূন্যশ্চ) ভূত্বা বিগতজ্বরঃ (ত্যক্তশোকঃ) [সন্] যুধ্যস্ব ॥ ৩০

অন্বয়ঃ।—শ্রদ্ধাবন্তঃ অনসূয়ন্তঃ (দুঃখাত্মকে কর্ম্মণি মাং প্রবর্ত্তয়তি ইতি দোষদৃষ্টিমকুর্ব্বন্তঃ) যে মানবাঃ মে (মম) ইদং মতং (অনুশাসনং) নিত্যম্ অনুতিষ্ঠন্তি, তে [কর্ম্ম কুর্ব্বাণাঃ] অপি কর্ম্মভিঃ মুচ্যন্তে ॥ ৩১

অনুবাদ।—অতএব তুমি আমাতে সর্ব্বকর্ম্ম অর্পণপূর্ব্বক "মদনুষ্ঠিত সমস্ত কার্য্যই ভগবানের কার্য্য এবং এসকল কার্য্যের ফল তাঁহারই, আমি তাঁহারই অধীন হইয়া কর্ম্ম করিতেছি মাত্র" এই বিশ্বাসে নিষ্কাম ও মমতাশূন্য হইয়া যুদ্ধ কর' শোক করিও না ॥ ৩০

অনুবাদ।—যাঁহারা শ্রদ্ধাবান্ ও অসূয়াহীন হইয়া সর্ব্বদা

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে ত্বেতদভ্যসূয়ন্তো নানুতিষ্ঠন্তি মে মতম্।
সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ ॥ ৩২

সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানপি।
প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি ॥ ৩৩

অন্বয়ঃ।—যে তু অভ্যসূয়ন্তঃ (দোষদৃষ্টিং কুর্ব্বন্তঃ) মে এতৎ মতং (অনুশাসনং) ন অনুতিষ্ঠন্তি, তান্ অচেতসঃ (অবিবেকান্) [অতএব] সর্ব্বজ্ঞানবিমূঢ়ান্ নষ্টান্ (পুরুষার্থভ্রষ্টান্) বিদ্ধি (জানীহি) ॥ ৩২

অন্বয়ঃ।—জ্ঞানবান্ অপি স্বস্যাঃ (স্বকীয়ায়াঃ) প্রকৃতেঃ (স্বভাবস্য) সদৃশং (অনুরূপং) চেষ্টতে, [যস্মাৎ] ভূতানি (সর্ব্বেঽপি প্রাণিনঃ) প্রকৃতিং যান্তি (স্বভাবমেবানুবর্ত্তন্তে) [এবং সতি] নিগ্রহঃ (ইন্দ্রিয়নিগ্রহঃ) কিং করিষ্যতি ॥ ৩৩

আমার এই মতের অনুবর্ত্তন করেন, তাঁহারা [কর্ম্মানুষ্ঠান করিয়াও] কর্ম্ম হইতে মুক্ত হন ॥ ৩১

অনুবাদ।—আর যাহারা অসূয়াবশে আমার এই মতের অনুসরণ না করে, সেই বিবেকহীন ব্যক্তিদিগকে সর্ব্ববিধ জ্ঞানে বিমূঢ় ও সর্ব্বপুরুষার্থভ্রষ্ট বলিয়া জানিবে ॥ ৩২

অনুবাদ।—জ্ঞানবান্ ব্যক্তিও স্বীয় প্রকৃতির অনুরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ।
তয়োর্ন বশমাগচ্ছেৎ তৌ হ্যস্য পরিপন্থিনৌ॥ ৩৪
শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ॥ ৩৫

অন্বয়ঃ।—ইন্দ্রিয়স্য ইন্দ্রিয়স্য (সর্ব্বেষামিন্দ্রিয়াণাম্) অর্থে (স্বস্ববিষয়ে) রাগদ্বেষৌ (অনুকূলে রাগঃ প্রতিকূলে দ্বেষঃ) ব্যবস্থিতৌ (অবশ্যম্ভাবিনৌ), [তথাপি] তয়োঃ বশং ন আগচ্ছেৎ (বশবর্ত্তী ন ভবেৎ) তৌ হি অস্য (মুমুক্ষোঃ) পরিপন্থিনৌ (প্রতিপক্ষৌ)॥ ৩৪

অন্বয়ঃ।—স্বনুষ্ঠিতাৎ (সকলাঙ্গপূর্ত্ত্যা কৃতাৎ) পরধর্ম্মাৎ

কার্য্য করেন। প্রাণিগণ প্রকৃতিরই অনুসরণ করিয়া থাকে; তাহা হইলে ইন্দ্রিয়নিগ্রহ কি আর করিতে পারে? (কারণ স্বভাবই বলবান্)॥ ৩৩

অনুবাদ।—প্রত্যেক ইন্দ্রিয়েরই স্বস্ব বিষয়ে অনুরাগ বা বিদ্বেষ (অনুকূলে অনুরাগ ও প্রতিকূলে বিদ্বেষ) অবশ্যম্ভাবী; [তথাপি] ঐ রাগ দ্বেষের বশবর্ত্তী হইবে না, কারণ উহারা মুমুক্ষুর একান্ত বিরোধী॥ ৩৪

অনুবাদ।—উত্তমরূপে অনুষ্ঠিত পরধর্ম্ম অপেক্ষা কথঞ্চিৎ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

অথ কেন প্রযুক্তোঽয়ং পাপঞ্চরতি পূরুষঃ।
অনিচ্ছন্নপি বার্ষ্ণেয় বলাদিব নিয়োজিতঃ॥ ৩৬

[সকাশাৎ] বিগুণঃ (কিঞ্চিৎ অঙ্গহীনোঽপি) স্বধর্ম্মঃ শ্রেয়ান্, (প্রশস্ততরঃ) স্বধর্ম্মে [যুদ্ধাদৌ প্রবর্ত্তমানস্য] নিধনং (নাশঃ অপি) শ্রেয়ঃ (শ্রেষ্ঠং) [স্বর্গাদিপ্রাপকত্বাৎ] পরধর্ম্মঃ ভয়াবহঃ (ভীষণঃ) [নরকপ্রাপকত্বাৎ] ॥ ৩৫

অন্বয়ঃ।—অর্জ্জুনঃ উবাচ—অথ (প্রশ্নে) হে বার্ষ্ণেয় (বৃষ্ণিবংশাবতংস) [অনর্থরূপং পাপং কর্ত্তুং] অনিচ্ছন্ অপি কেন প্রযুক্তঃ (প্রেরিতঃ) অয়ং পূরুষঃ বলাৎ নিয়োজিতঃ ইব পাপং চরতি ? ৩৬

অঙ্গহীনও স্বধর্ম্ম শ্রেষ্ঠ। স্বধর্ম্মে থাকিয়া নিধনও ভাল [কারণ তাহাতে স্বর্গাদি প্রাপ্তি হয়]; পরধর্ম্ম ভয়ঙ্কর [কারণ উহা নরকপ্রাপক] ॥ ৩৫

অনুবাদ।—অর্জ্জুন বলিলেন,—হে বৃষ্ণিবংশাবতংস! [পাপ করিতে ইচ্ছা না করিলেও] কাহা কর্ত্তৃক প্রযুক্ত হইয়া যেন বল পূর্ব্বক নিয়োজিত হইয়াই লোকে পাপানুষ্ঠান করিয়া থাকে॥ ৩৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ উবাচ।

কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্॥ ৩৭
ধূমেনাব্রিয়তে বহ্নির্যথাদর্শো মলেন চ।
যথোল্বেনাবৃতো গর্ভস্তথা তেনেদমাবৃতম্॥ ৩৮

অন্বয়ঃ।—শ্রীভগবান্ উবাচ—রজোগুণসমুদ্ভবঃ মহাশনঃ (দুষ্পূরঃ) মহাপাপ্মা (অত্যুগ্রঃ) এষঃ কামঃ [ততএব জাতঃ] এষঃ ক্রোধঃ; ইহ (মোক্ষমার্গে) এনং (কামং) বৈরিণং (শত্রুং) বিদ্ধি (জানীহি) [কাম এব ক্রোধরূপেণ পরিণমতে অত উভয়োরেকত্বমুক্তম্]॥ ৩৭

অন্বয়ঃ।—যথা [সহজাতেন] ধূমেন বহ্নিঃ আব্রিয়তে (আচ্ছাদ্যতে) [যথাচ] আদর্শঃ (দর্পণং) [আগন্তুকেন]

অনুবাদ।—শ্রীভগবান্ বলিলেন,—ইহা রজোগুণসম্ভূত, দুষ্পূরণীয় এবং অত্যুগ্র কাম; এবং [উহারই পরিণতি] ক্রোধ [মনুষ্যকে পাপে প্রবর্ত্তিত করে]। মোক্ষমার্গে এই কামই বিষম শত্রু জানিবে॥ ৩৭

অনুবাদ।—যেমন [সহজাত] ধূম অগ্নিকে ও [আগন্তুক]

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা।
কামরূপেণ কৌন্তেয় দুষ্পূরেণানলেন চ॥ ৩৯

ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিরস্যাধিষ্ঠানমুচ্যতে।
এতৈর্বিমোহয়ত্যেষ জ্ঞানমাবৃত্য দেহিনম্॥ ৪০

মলেন [আব্রিয়তে] যথা উল্বেন (গর্ভবেষ্টনচর্ম্মণা) গর্ভঃ আবৃতঃ (সর্ব্বতোনিরুদ্ধঃ) তথা (তদ্বৎ) তেন (কামেন) ইদম্ (জ্ঞানম্) আবৃতম্ (আচ্ছাদিতম্)॥ ৩৮

অন্বয়ঃ।—হে কৌন্তেয় জ্ঞানিনো নিত্যবৈরিণা (চির-শত্রুণা) এতেন কামরূপেণ দুষ্পূরেণ (পূরয়িতুমশক্যেন) অনলেন চ জ্ঞানম্ আবৃতম্ (আচ্ছাদিতম্)॥ ৩৯

অন্বয়ঃ।—ইন্দ্রিয়াণি, মনঃ, বুদ্ধিঃ অস্য কামস্য অধিষ্ঠানম্

মল দর্পণকে আচ্ছাদিত করে এবং যেরূপ জরায়ুচর্ম্ম গর্ভকে সর্ব্বতোভাবে আচ্ছাদন করিয়া রাখে, সেইরূপ এই কাম জ্ঞানকে আবৃত করে॥ ৩৮

অনুবাদ।—হে কৌন্তেয়! জ্ঞানীদিগের চিরশত্রু এই কামরূপ দুষ্পূরণীয় অগ্নিদ্বারা জ্ঞান আবৃত হইয়া থাকে॥ ৩৯

অনুবাদ।—ইন্দ্রিয়, মন ও বুদ্ধি ইহার অধিষ্ঠানক্ষেত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মাৎ ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্ষভ।
পাপ্মানং প্রজহি হ্যেনং জ্ঞানবিজ্ঞান-নাশনম্॥ ৪১

(আশ্রয়ঃ) উচ্যতে এষঃ (কামঃ) এতৈঃ (ইন্দ্রিয়াদিভিঃ) জ্ঞানম্ আবৃত্য দেহিনং বিমোহয়তি॥ ৪০

অন্বয়ঃ।—হে ভরতর্ষভ (ভরতশ্রেষ্ঠ) তস্মাৎ ত্বম্ আদৌ (প্রথমতঃ) ইন্দ্রিয়াণি [মনোবুদ্ধিঞ্চ] নিয়ম্য জ্ঞানবিজ্ঞাননাশনম্ এনং পাপ্মানং (পাপরূপং) কামং প্রজহি (ঘাতয়)॥ ৪১

এইগুলি দ্বারা কাম জ্ঞানকে আচ্ছন্ন রাখিয়া জীবকে মোহিত করিয়া রাখে॥ ৪০

অনুবাদ।—অতএব হে ভরতশ্রেষ্ঠ! তুমি প্রথমে ইন্দ্রিয়গণকে সংযত করিয়া জ্ঞান-বিজ্ঞান-নাশক * পাপরূপ এই কামকে † বিনষ্ট কর॥ ৪১

---

* জ্ঞান=শাস্ত্র হইতে এবং আচার্য্যোপদেশ হইতে জাত আত্মতত্ত্ব সম্বন্ধীয় অববোধ এবং বিজ্ঞান=বিশেষরূপে উহার অনুভব।

† কামই সর্ব্ববিধ অনর্থের মূল; কারণ ইহার উদ্ভবে জীবের সমুদায় ইন্দ্রিয় উত্তেজিত হয় এবং উহারা সর্ব্বদা পাপে প্রণোদিত হয়।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধির্যো বুদ্ধেঃ পরতস্তু সঃ ॥ ৪২

এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা সংস্তভ্যাত্মানমাত্মনা।
জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদম্ ॥ ৪৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে কর্ম্মযোগোনাম
তৃতীয়োঽধ্যায়ঃ।

অন্বয়ঃ।—ইন্দ্রিয়াণি (দেহাদিভ্যঃ গ্রাহ্যেভ্যঃ) পরাণি (শ্রেষ্ঠানি) আহুঃ [জ্ঞানিন ইতি শেষঃ], ইন্দ্রিয়েভ্যঃ [তেষাং প্রবর্ত্তকং] মনঃ পরম্ (শ্রেষ্ঠম্); মনসস্তু বুদ্ধিঃ পরা (শ্রেষ্ঠা) যস্তু বুদ্ধেঃ পরতঃ (তৎসাক্ষিত্বেন অবস্থিতঃ) সঃ (এষ আত্মা) ॥ ৪২

অন্বয়ঃ।—হে মহাবাহো! এবং (ইত্থং) বুদ্ধেঃ পরং

অনুবাদ।—দেহাদি স্থূল পদার্থ অপেক্ষা ইন্দ্রিয়গণ শ্রেষ্ঠ। তদপেক্ষা মন শ্রেষ্ঠ; মন অপেক্ষা বুদ্ধি শ্রেষ্ঠ; বুদ্ধি অপেক্ষাও যিনি শ্রেষ্ঠ, অর্থাৎ সাক্ষিরূপে সকলের অন্তঃকরণে প্রতিষ্ঠিত আছেন; তিনিই আত্মা ॥ ৪২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[আত্মানং] বুদ্ধ্বা আত্মনা (নিশ্চয়াত্মিকয়া বুদ্ধ্যা) আত্মানং সংস্তভ্য (নিশ্চলংকৃত্বা) কামরূপং দুরাসদং (দুরভিভবনীয়ং) শত্রুং জহি (ঘাতয়) ॥ ৪৩

অনুবাদ।—হে মহাবাহো! তুমি এইরূপে বুদ্ধির অতীত আত্মাকে অবগত হইয়া, আত্মা (নিশ্চয়াত্মিকা বুদ্ধি) দ্বারা আত্মাকে (মনকে) স্থির করিয়া এই কামরূপ দুর্নিবার শত্রুকে বিনাশ কর॥ ৪৩

---

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ।

ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্।
বিবস্বান্ মনবে প্রাহ মনুরিক্ষ্বাকবেঽব্রবীৎ ॥ ১
এবং পরম্পরাপ্রাপ্তমিমং রাজর্ষয়ো বিদুঃ।
স কালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তপ ॥ ২

অন্বয়ঃ।—শ্রীভগবান্ উবাচ—অহং বিবস্বতে (সূর্য্যায়) ইমম্ অব্যয়ং (অব্যয়ফলত্বাৎ অক্ষয়ং) যোগং (জ্ঞানযোগং) প্রোক্তবান্ (উপদিষ্টবান্) ; বিবস্বান্ (সূর্য্যঃ) [স্বপুত্রায়] মনবে (বৈবস্বতায়) প্রাহ, মনুঃ [স্বপুত্রায়] ইক্ষ্বাকবে অব্রবীৎ (উপদিদেশ) ॥ ১

অন্বয়।—এবং (ইত্থং) পরম্পরাপ্রাপ্তম্ (স্বপুত্রাদিভিঃ

অনুবাদ।—শ্রীভগবান্ কহিলেন,—আমি প্রথমে সূর্য্যকে এই [মোক্ষসাধক] জ্ঞানযোগে উপদেশ দিয়াছিলাম। সূর্য্য [নিজ পুত্র] মনুকে এবং [মনু স্বীয় পুত্র] ইক্ষ্বাকুকে উপদেশ দিয়াছিলেন ॥ ১

অনুবাদ।—হে পরন্তপ! নিমি, জনক প্রভৃতি রাজর্ষিগণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স এবায়ং ময়া তেঽদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ।
ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্॥ ৩

প্রোক্তম্) ইমং (যোগং) রাজর্ষয়ঃ (অন্যেঽপি নিমিজনকাদয়ঃ) বিদুঃ (জানন্তিস্ম)। হে পরন্তপ (রিপুতাপন)! ইহ (অস্মিন্ লোকে) স যোগঃ (জ্ঞানযোগঃ) মহতা কালেন (কালবশাৎ) নষ্টঃ (বিচ্ছিন্নঃ)॥ ২

অন্বয়ঃ।—[ত্বং] মে (মম) ভক্তঃ সখা চ অসি, (ভবসি) ইতি [হেতোঃ] অয়ং স এব পুরাতনঃ যোগঃ অদ্য ময়া তে (তুভ্যং) প্রোক্তঃ, হি (যতঃ) এতৎ উত্তমম্ (শ্রেষ্ঠম্) [অতএব] রহস্যং (গোপ্যম্)॥ ৩

এইরূপে পরম্পরাক্রমে (বংশানুক্রমে বা আচার্য্যানুক্রমে) প্রাপ্ত এই জ্ঞানযোগ অবগত হইয়াছিলেন। ইহলোকে কালক্রমে উহা বিনষ্ট হইয়াছে॥ ২

অনুবাদ।—তুমি আমার ভক্ত ও সখা; এজন্য আমি সেই পুরাতন জ্ঞানযোগে অদ্য তোমায় উপদেশ দিতেছি; কারণ ইহা [মুক্তি সাধক বলিয়া] উৎকৃষ্ট; সুতরাং গোপনীয়॥ ৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ।

অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ।
কথমেতদ্‌বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি ॥ ৪

শ্রীভগবানুবাচ।

বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জুন।
তান্যহং বেদ সর্ব্বাণি ন ত্বং বেত্থ পরন্তপ ॥ ৫

অন্বয়ঃ।—অর্জ্জুনঃ উবাচ—ভবতঃ জন্ম অপরং (অর্ব্বাচীনং পরবর্ত্তি ইতি যাবৎ) বিবস্বতঃ (সূর্য্যস্য) জন্ম পরং (প্রাক্‌কালীনং) [তস্মাৎ] ত্বম্ আদৌ (পূর্ব্বং) [ইমং যোগং বিবস্বতে] প্রোক্তবান্ ইতি এতৎ [অহং] কথং বিজানীয়াম্ (জ্ঞাতুং শক্নুয়াম্) ॥ ৪

অন্বয়ঃ।—শ্রীভগবান্ উবাচ—হে পরন্তপ অর্জ্জুন! মে (মম) তব চ বহূনি জন্মানি ব্যতীতানি (অতিক্রান্তানি); অহং

অনুবাদ।—হে পার্থ! যে ব্যক্তি আস্থরী অর্থাৎ অস্থর ও রাক্ষসগণের ভোগ্য সম্পদ্ ভোগার্থ জাত, সেই ব্যক্তির দম্ভ, দর্প, অভিমান, ক্রোধ, কর্কশতা ও অজ্ঞতা এই ছয়টি রজস্তমোময়ী বৃত্তি হইয়া হইয়া থাকে ॥ ৪

অনুবাদ।—দৈবী-সম্পদ্ মোক্ষের হেতু ও আস্থরী সম্পদ্ বন্ধনের কারণ জানিবে। হে পাণ্ডব! তুমি দৈবী সম্পদ্ ভোগার্থ জন্মিয়াছ; অতএব শোক করিও না ॥ ৫

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
দৈবো বিস্তরশঃ প্রোক্ত আসুরং পার্থ মে শৃণু॥৬

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ জনা ন বিদুরাসুরাঃ।
ন শৌচং নাপি চাচারো ন সত্যং তেষু বিদ্যতে॥৭

অন্বয়ঃ।—হে পার্থ! অস্মিন্ লোকে দৈবঃ আসুরঃ এব দ্বৌ (দ্বিপ্রকারৌ) ভূতসর্গৌ [স্তঃ]; দৈবঃ [ময়া] বিস্তরশঃ প্রোক্তঃ; আসুরং মে শৃণু॥ ৬

অন্বয়ঃ ৭—আসুরাঃ (আসুর-রাক্ষসস্বভাবাঃ) জনাঃ [ধর্ম্মে] প্রবৃত্তিং চ, [অধর্ম্মাৎ] নিবৃত্তিং চ ন বিদুঃ (জানন্তি); [অতঃ] তেষু ন শৌচং, ন আচারঃ, ন চ অপি সত্যং বিদ্যতে (নাস্তেব)॥ ৭

অনুবাদ।—ইহলোকে দৈব ও আসুর এই—দ্বিবিধ ভূত সৃষ্টি হইয়াছে। হে পার্থ! ইতিপূর্ব্বে দৈবসৃষ্টি সবিস্তার বলিয়াছি; এক্ষণে আসুর সৃষ্টির কথা আমার নিকট শ্রবণ কর। [এখানে আসুর ও রাক্ষস এই ভাবদ্বয় একীভূত করিয়াই "দ্বিবিধ সৃষ্টি" বলিলেন]॥ ৬

অনুবাদ।—আসুর প্রকৃতিসম্পন্ন ব্যক্তিরা ধর্ম্মে প্রবৃত্তি

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসত্যমপ্রতিষ্ঠং তে জগদাহুরনীশ্বরম্।
অপরস্পরসম্ভূতং কিমন্যৎ কামহৈতুকম্॥ ৮
এতাং দৃষ্টিমবষ্টভ্য নষ্টাত্মানোঽল্পবুদ্ধয়ঃ।
প্রভবন্ত্যুগ্রকর্ম্মাণঃ ক্ষয়ায় জগতোঽহিতাঃ॥ ৯

অন্বয়ঃ।—তে (আসুরাঃ জনাঃ) জগৎ অসত্যম্ (বেদ-পুরাণাদি-প্রমাণশূন্যম্), অপ্রতিষ্ঠম্ (নাস্তি ধর্ম্মাধর্ম্মরূপা প্রতিষ্ঠা ব্যবস্থাহেতুঃ যস্য তৎ), অনীশ্বরম্ (নাস্তি ঈশ্বরঃ কর্ত্তা ব্যবস্থাপকশ্চ যস্য তৎ), অপরস্পরসম্ভূতম্ (অপরস্পরতঃ অন্যোন্যতঃ স্ত্রীপুংসয়োর্মিথুনাৎ সম্ভূতম্); কিমন্যৎ (কারণমস্য নাস্ত্যন্যৎ কিঞ্চিৎ, কিন্তু) কামহৈতুকং (স্ত্রীপুংসয়োঃ উভয়োঃ কাম এব হেতু র্যস্য তৎ) প্রাহুঃ॥ ৮

অন্বয়ঃ।—এতাং দৃষ্টিম্ অবষ্টভ্য (আশ্রিত্য) অল্পবুদ্ধয়ঃ

ও অধর্ম্ম হইতে নিবৃত্তির বিষয় অবগত নহে; এজন্য তাহাদের শৌচ নাই, আচার নাই এবং সত্যও নাই॥ ৭

অনুবাদ।—তাহারা বলে,—এই জগৎ অসত্য, (অর্থাৎ বেদাদি প্রমাণ-হীন) অপ্রতিষ্ঠ, (ধর্ম্মাধর্ম্ম ব্যবস্থাহীন) ঈশ্বর-বিহীন, ইহা কেবল কামমিথুন হইতে জাত; ইহার অন্য কোন কারণ নাই, ইহা কেবল কামপ্রবাহ সম্ভূত॥ ৮

In Public Domain, Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামমাশ্রিত্য দুষ্পূরং দম্ভমানমদান্বিতাঃ।
মোহাদ্গৃহীত্বাঽসদ্গ্রাহান্
প্রবর্ত্তন্তেঽশুচিব্রতাঃ॥ ১০

(দৃষ্টার্থমাত্রগতয়ঃ) নষ্টাত্মানঃ (মলীমসচিত্তাঃ) উগ্রকর্ম্মাণঃ (হিংস্রকর্ম্মাণঃ), অহিতাঃ (বৈরিণঃ) [ভূত্বা] জগতঃ ক্ষয়ায় (নাশায়) প্রভবন্তি (উদ্ভবন্তি) ॥ ৯

অন্বয়ঃ।—দুষ্পূরং (পূরয়িতুমশক্যং) কামম্ আশ্রিত্য (অবলম্ব্য) দম্ভমানমদান্বিতাঃ [সন্তঃ] মোহাৎ (অবিবেকাৎ) অসদ্গ্রহান্ (দুরাগ্রহান্) গৃহীত্বা (স্বীকৃত্য) অশুচিব্রতাঃ [সন্তঃ] [ক্ষুদ্রদেবতারাধনাদৌ] প্রবর্ত্তন্তে ॥ ১০

অনুবাদ।—এইরূপ বিবেচনা অবলম্বন করিয়া, সেই মলিনচিত্ত অল্পবুদ্ধি ক্রূরকর্ম্মা ব্যক্তিগণ জগতের বিনাশার্থ বৈরিরূপে প্রাদুর্ভূত হইয়া থাকে ॥ ৯

অনুবাদ।—তাহারা দুষ্পূরণীয় কামনা অবলম্বন করিয়া দম্ভ-মান-গর্ব্বপরবশ হইয়া মোহবশে অসৎ আগ্রহ অবলম্বন পূর্ব্বক অশুচিব্রত-পরায়ণ হইয়া থাকে অর্থাৎ এই দেবতার আরাধনা করিয়া মহানিধি প্রাপ্ত হইব—এইরূপ বেদবিরুদ্ধ

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিন্তামপরিমেয়াঞ্চ প্রলয়ান্তামুপাশ্রিতাঃ।
কামোপভোগপরমা এতাবদিতি নিশ্চিতাঃ॥ ১১
আশাপাশশতৈর্ব্বদ্ধাঃ কামক্রোধপরায়ণাঃ।
ঈহন্তে কামভোগার্থমন্যায়েনার্থসঞ্চয়ান্॥ ১২

অন্বয়ঃ।—প্রলয়ান্তাম্ (মরণান্তাম্), অপরিমেয়াং চিন্তাং চ উপাশ্রিত্য (অবলম্ব্য) কামোপভোগপরমাঃ (কামোপভোগ এব পরমো যেষাং তে) এতাবৎ ইতি নিশ্চিতাঃ (কামোপভোগ এব পুরুষার্থ ইতি কৃতনিশ্চয়াঃ), আশাপাশশতৈঃ বদ্ধাঃ কামক্রোধপরায়ণাঃ [সন্তঃ] কামভোগার্থম্ অন্যায়েন অর্থসঞ্চয়ান্ ঈহন্তে (ইচ্ছন্তি)॥ ১১-১২

দুরাশার অবলম্বনে আমাকে ভুলিয়া গিয়া ক্ষুদ্র ক্ষুদ্র দেবতার আরাধনা করে॥ ১০

অনুবাদ।—উহারা মরণ পর্য্যন্ত অপরিমিত চিন্তা-পরায়ণ হইয়া কামোপভোগই পরম পুরুষার্থ জ্ঞানে উহাতেই কৃত-নিশ্চয় হয় এবং শত শত আশাপাশে আবদ্ধ ও কামক্রোধ-পরায়ণ হইয়া কামোপভোগসাধনার্থ অন্যায়পূর্ব্বক অর্থো-পার্জ্জনে প্রবৃত্ত হয়॥ ১১-১২

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইদমদ্য ময়া লব্ধমিদং প্রাপ্স্যে মনোরথম্।
ইদমস্তীদমপি মে ভবিষ্যতি পুনর্ধনম্॥ ১৩

অসৌ ময়া হতঃ শত্রুর্হনিষ্যে চাপরানপি।
ঈশ্বরোঽহমহং ভোগী সিদ্ধোঽহং
বলবান্ সুখী॥ ১৪

আঢ্যোঽভিজনবানস্মি কোঽন্যোঽস্তি সদৃশো ময়া।
যক্ষ্যে দাস্যামি মোদিষ্য ইত্যজ্ঞানবিমোহিতাঃ॥ ১৫

অনেকচিত্তবিভ্রান্তা মোহজালসমাবৃতাঃ।
প্রসক্তাঃ কামভোগেষু পতন্তি নরকেঽশুচৌ॥ ১৬

অন্বয়ঃ।—অদ্য ময়া ইদং লব্ধম্, ইদং মনোরথং প্রাপ্স্যে, (প্রাপ্স্যামি) ইদম্ অস্তি, পুনঃ মে ইদম্ অপি ধনং ভবিষ্যতি। অসৌ শত্রুঃ ময়া হতঃ অপরান্ (শত্রূন্) চ অপি হনিষ্যে (হনিষ্যামি), অহম্ ঈশ্বরঃ (সর্ব্বশক্তিমান্) অহং ভোগী, অহং সিদ্ধঃ (কৃতকৃত্যঃ) বলবান্ সুখী চ। [অহং] আঢ্যঃ

অনুবাদ।—অদ্য এই লাভ হইল, এই অভীষ্ট বস্তুও পরে পাইব, এই ধন আমার আছে, এই ধন আমার হইবে; আমি এই শত্রুকে বিনাশ করিয়াছি, অন্য শত্রুকেও বিনাশ করিব, আমি সর্ব্বশক্তিশালী, আমিই ভোগী, আমি সিদ্ধ,

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Va

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মসম্ভাবিতাঃ স্তব্ধা ধনমানমদান্বিতাঃ।
যজন্তে নামযজ্ঞৈস্তে দম্ভেনাবিধিপূর্ব্বকম্॥ ১৭

(ধনাদিসম্পন্নঃ) অভিজনবান্ (কুলীনঃ) অস্মি; ময়া সদৃশঃ অন্যঃ কঃ অস্তি, [অহং] যক্ষ্যে, (যাগাদিনাপি অন্যেভ্যঃ প্রতিষ্ঠাং প্রাপ্স্যামি) দাস্যামি, (স্তাবকেভ্যো ধনং দাস্যামি) মোদিষ্যে (হর্ষং প্রাপ্স্যামি) ইতি অজ্ঞানবিমোহিতাঃ; অনেকচিত্তবিভ্রান্তাঃ (নানামনোরথবিক্ষিপ্তচিত্তাঃ) [তেনৈব] মোহজালসমাবৃতাঃ, কামভোগেষু প্রসক্তাঃ (অভিনিবিষ্টাঃ) [সন্তঃ] অশুচৌ (ক্লেশবহুলে) নরকে পতন্তি॥ ১৩-১৬

অন্বয়ঃ।—আত্মসম্ভাবিতাঃ (আত্মনৈব পূজ্যতাং নীতাঃ,

আমি বলবান্, আমি সুখী; আমি ধনবান্, আমি কুলীন, আমার সমান আর কে আছে? আমি যাগ করিব, অর্থাৎ যাগেও বাহাদুরি লইব, [স্তাবকদিগকে—শাস্ত্রজ্ঞদিগকে নহে] দান করিব, আমি আমোদ পাইব, এইরূপে অজ্ঞান-মোহিত হইয়া, নানাবিধ বিষয় চিন্তায় বিক্ষিপ্তচিত্ত, মোহ-জালে সমাবৃত এবং কামভোগে ব্যাসক্তচিত্ত হইয়া উহারা ক্লেশময় নরকে পতিত হয়॥ ১৩-১৬

অনুবাদ।—[কোন সাধুব্যক্তি সম্মান না করিলেও]

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধঞ্চ সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ॥ ১৮
তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু॥ ১৯

নতু সাধুভিঃ) [অতএব] স্তব্ধাঃ (অনম্রাঃ), ধনমানমদান্বিতাঃ [সন্তঃ] তে দম্ভেন [ন তু শ্রদ্ধয়া] নামযজ্ঞৈঃ (নামমাত্র প্রসিদ্ধয়ে যে যজ্ঞাঃ তৈঃ) অবিধিপূর্ব্বকং যজন্তে॥ ১৭

অন্বয়ঃ।—অহঙ্কারং, বলং, দর্পং, কামং, ক্রোধং চ সংশ্রিতাঃ [সন্তঃ] আত্মপরদেহেষু [চিদংশেন স্থিতং] মাং প্রদ্বিষন্তঃ অভ্যসূয়কাঃ [ভবন্তি]॥ ১৮

অন্বয়ঃ।—অহং [মাং] দ্বিষতঃ, ক্রূরান্ নরাধমান্,

স্বয়ং পূজ্য বলিয়া অভিমানকারী, সুতরাং অবিনয়ী এবং ধনজনিত মানবশে গর্ব্বিত আসুর ব্যক্তিগণ দম্ভসহকারে অবিধিপূর্ব্বক নামমাত্র যজ্ঞ করিয়া থাকে॥ ১৭

অনুবাদ।—অহঙ্কার, বল, দর্প, কাম ও ক্রোধ অবলম্বন করিয়া, স্বদেহে ও পরদেহে [চিদংশরূপে] অবস্থিত আমাকে দ্বেষ করিয়া সাধুগণের গুণে দোষ দিয়া থাকে॥ ১৮

অনুবাদ।—আমার বিদ্বেষী সেই ক্রূরস্বভাব (আসুর

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিম্ ॥২০

ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ।
কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতত্ত্রয়ং ত্যজেৎ ॥২১

অশুভান্ তান্ সংসারেষু (জন্মমৃত্যুমার্গেষু), আসুরীষু (অতিক্রূরাসু ব্যাঘ্রসর্পাদিষু) যোনিষু এব অজস্রং (অনবরতং) ক্ষিপামি ॥ ১৯

অন্বয়ঃ।—হে কৌন্তেয়! জন্মনি জন্মনি (প্রতিজন্ম) আসুরীং যোনিম্ আপন্নাঃ (প্রাপ্তাঃ) মূঢ়াঃ (অবিবেকাঃ জনাঃ), মাম্ অপ্রাপ্য এব ততঃ [অপি] অধমাং (নিকৃষ্টাং) গতিং (কৃমিকীটাদিযোনিং) যান্তি (প্রাপ্নুবন্তি ॥ ২০

অন্বয়ঃ।—কামঃ, ক্রোধঃ, তথা লোভঃ, [ইতি] ইদং

কর্মা) নরাধম দিগকে সংসারে আসুরী যোনিতেই (ব্যাঘ্র সর্পাদি যোনিতেই) নিরন্তর নিক্ষেপ করিয়া থাকি ॥ ১৯

অনুবাদ।—হে কৌন্তেয়! এইরূপে জন্মে জন্মে আসুরী-যোনি প্রাপ্ত হইলে, সেই মূঢ়গণ আমাকে প্রাপ্ত না হইয়া, তদপেক্ষা আরও অধিকতর অধোগতি (কৃমিকীটাদিগতি) প্রাপ্ত হইয়া থাকে ॥ ২০

অনুবাদ।—কাম, ক্রোধ ও লোভ—নরকের এই তিনটি

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতৈর্বিমুক্তঃ কৌন্তেয় তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেয়স্ততো যাতি পরাং গতিম্ ॥২২
যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্ ॥২৩

ত্রিবিধং নরকস্য দ্বারম্ (প্রবেশমার্গঃ); [অতএব] আত্মনঃ নাশনং (নীচযোনিপ্রাপকম্); তস্মাৎ এতত্ত্রয়ং (কামং ক্রোধং লোভঞ্চ) [সর্ব্বাত্মনা] ত্যজেৎ ॥ ২১

অন্বয়ঃ।—হে কৌন্তেয়! তমোদ্বারৈঃ (নরকস্য দ্বারভূতৈঃ) এতৈঃ ত্রিভিঃ (কামাদিভিঃ) বিমুক্তঃ নরঃ আত্মনঃ শ্রেয়ঃ (শ্রেয়ঃসাধনম্) আচরতি; ততঃ (তেনৈবানুষ্ঠানেন) পরাং গতিং (মোক্ষং) যাতি ॥ ২২

অন্বয়ঃ।—যঃ শাস্ত্রবিধিম্ (বেদবিহিতং ধর্ম্মম্) উৎসৃজ্য

দ্বার স্বরূপ; অতএব আত্মনাশের মূল (নীচযোনিপ্রাপক); এজন্য এই তিনটি অবশ্য পরিহার্য্য ॥ ২১

অনুবাদ।—হে কৌন্তেয়! যিনি নরকের দ্বার-স্বরূপ এই কাম, ক্রোধ ও লোভ হইতে সর্ব্বতোভাবে বিমুক্ত, তিনি আপনার শ্রেয়ঃসাধন তপস্যাদির অনুষ্ঠান করিয়া পরমা গতি (মুক্তি) লাভ করেন ॥ ২২

অনুবাদ।—যে ব্যক্তি শাস্ত্রবিধি উল্লঙ্ঘন পূর্ব্বক স্বেচ্ছা-

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি ॥২৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে দৈবাসুর-
সম্পদ্বিভাগয়োগো নাম ষোড়শোঽধ্যায়ঃ।

(পরিত্যজ্য) কামকারতঃ (যথেষ্টং) বর্ত্ততে, সঃ সিদ্ধিং (তত্ত্বজ্ঞানং) ন অবাপ্নোতি (প্রাপ্নোতি), ন সুখং, ন চ পরাং গতিম্ (শান্তিং) [অবাপ্নোতি] ॥ ২৩

অন্বয়ঃ।—তস্মাৎ কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ (কর্ত্তব্যাকর্ত্তব্য-ব্যবস্থায়াং) শাস্ত্রং তে প্রমাণম্; [অতঃ] ইহ (কর্ম্মাধিকারে) [বর্ত্তমানঃ সন্] শাস্ত্রবিধানোক্তং জ্ঞাত্বা, [যথাধিকারং] কর্ম্ম কর্ত্তুম্ অর্হসি ॥ ২৪

প্রবৃত্ত হইয়া কার্য্য করে, [চিত্তশুদ্ধির অভাবে] সে ব্যক্তি তত্ত্বজ্ঞান, শান্তি, সুখ ও পরম গতি (চিত্তের উপরতি রূপ শান্তি) লাভ করিতে পারে না ॥ ২৩

অনুবাদ।—অতএব কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয় বিষয়ে শাস্ত্রই তোমার প্রমাণ; অতএব শাস্ত্র-বিধান অবগত হইয়া স্বীয় অধিকারানুসারে কর্ম্মে প্রবৃত্ত হও ॥ ২৪

ইতি দৈবাসুরসম্পদ্বিভাগযোগ।

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তদশোঽধ্যায়ঃ ।

অর্জ্জুন উবাচ ।

যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ ।
তেষাং নিষ্ঠা তু কা কৃষ্ণ সত্ত্বমাহো রজস্তমঃ ॥ ১

শ্রীভগবানুবাচ ।

ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা ।
সাত্ত্বিকী রাজসী চৈব তামসী চেতি তাং শৃণু ॥ ২

অন্বয়ঃ ।—অর্জ্জুনঃ উবাচ—হে কৃষ্ণ ! যে শাস্ত্রবিধিম্ উৎসৃজ্য (উল্লঙ্ঘ্য) শ্রদ্ধয়া তু অন্বিতাঃ (যুক্তাঃ) [সন্তঃ] যজন্তে, তেষাং নিষ্ঠা কা (স্থিতিঃ কীদৃশী)? সত্ত্বং, রজঃ, অহো (অথবা) তমঃ ? ১

অন্বয়ঃ ।—শ্রীভগবান্ উবাচ—দেহিনাং [যা] শ্রদ্ধা,

অনুবাদ ।—অর্জ্জুন কহিলেন,—হে কৃষ্ণ ! যাহারা শাস্ত্রবিধি উল্লঙ্ঘন পূর্ব্বক [অথচ] শ্রদ্ধাযুক্ত হইয়া পূজনাদি করে, তাহাদের নিষ্ঠা কিরূপ ? সাত্ত্বিকী রাজসী বা তামসী ? ১

অনুবাদ ।—শ্রীভগবান্ কহিলেন,—দেহীদিগের যে শ্রদ্ধা,

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Var

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্ত্বানুরূপা সর্ব্বস্য শ্রদ্ধা ভবতি ভারত।
শ্রদ্ধাময়োঽয়ং পুরুষো যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ ॥৩

[সা তু] সাত্ত্বিকী, রাজসী চ, তামসী চ ইতি ত্রিবিধা এব ভবতি ; সা স্বভাবজা (পূর্ব্বসংস্কারজাতা) ; তাং (ইমাং ত্রিবিধাং শ্রদ্ধাং) শৃণু ॥ ২

অন্বয়ঃ।—হে ভারত! সর্ব্বস্য [জনস্য] শ্রদ্ধা সত্ত্বানুরূপা (সত্ত্বতারতম্যানুসারিণী) ভবতি ; অয়ং [লৌকিকঃ] পুরুষঃ শ্রদ্ধাময়ঃ ; (শ্রদ্ধাবিকারঃ) যঃ যচ্ছ্রদ্ধঃ, স এব সঃ (যস্য যাদৃশী শ্রদ্ধা, স এব তাদৃশশ্রদ্ধাযুক্তইত্যর্থঃ) ॥ ৩

তাহা সাত্ত্বিকী রাজসী ও তামসী ভেদে ত্রিবিধ ; ইহা স্বভাব-জাত অর্থাৎ প্রাণিগণের পূর্ব্বজন্মের সংস্কারসম্ভূত ; সেই ত্রিবিধ শ্রদ্ধার বিষয় শ্রবণ কর ॥ ২

অনুবাদ।—হে ভারত [বিবেকী বা অবিবেকী] সকলেরই শ্রদ্ধা নিজ নিজ অন্তঃকরণ-বৃত্তির অনুরূপ হইয়া থাকে। এই লৌকিক পুরুষ শ্রদ্ধাময়। অতএব যে ব্যক্তি যেরূপ শ্রদ্ধাযুক্ত, তিনি সেইরূপই হইয়া থাকেন ॥ ৩

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজন্তে সাত্ত্বিকা দেবান্ যক্ষরক্ষাংসি রাজসাঃ।
প্রেতান্ ভূতগণাংশ্চান্যে যজন্তে তামসা জনাঃ॥ ৪
অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ।
দম্ভাহঙ্কার-সংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ॥ ৫

অন্বয়ঃ।—সাত্ত্বিকাঃ (সত্ত্বগুণসম্পন্নাঃ) [সত্ত্বপ্রকৃতীন্] দেবান্ যজন্তে; [তথা] রাজসাঃ (রজোগুণান্বিতাঃ) যক্ষ-রক্ষাংসি, (যক্ষান্ রাক্ষসাংশ্চ) [যজন্তে]; অন্যে (এতেভ্যো বিলক্ষণাঃ) তামসাঃ (তমোগুণসম্পন্নাঃ) জনাঃ প্রেতান্ ভূতগণান্ চ [যজন্তে]॥ ৪

অন্বয়ঃ।—দম্ভাহঙ্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ যে অচেতসঃ (অবিবেকিনঃ) জনাঃ শরীরস্থং ভূতগ্রামং (পৃথিব্যাদিভূতসমূহম্), অন্তঃশরীরস্থং (অন্তর্য্যামিরূপেণ দেহমধ্যে স্থিতং) মাং চ এব কর্শয়ন্তঃ (কৃশং কুর্ব্বন্তঃ)

অনুবাদ।—সত্ত্বগুণ-প্রধান ব্যক্তিগণ দেবগণের পূজা করেন; রাজসিকগণ যক্ষ-রাক্ষসের পূজা করে, তামসিকগণ ভূত-প্রেতাদির পূজা করে॥ ৪

অনুবাদ।—যাহারা অশাস্ত্রবিহিত ভয়ঙ্কর তপস্যা করে,

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্শয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ।
মাঞ্চৈবান্তঃশরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ান্॥ ৬

আহারস্ত্বপি সর্ব্বস্য ত্রিবিধো ভবতি প্রিয়ঃ।
যজ্ঞস্তপস্তথা দানং তেষাং ভেদমিমং শৃণু॥ ৭

অশাস্ত্রবিহিতং, ঘোরং (ভূতভয়ঙ্করং) তপঃ তপ্যন্তে (কুর্ব্বন্তি), তান্ আসুরনিশ্চয়ান্ (অতিক্রূরকর্ম্মাণঃ) বিদ্ধি॥ ৫-৬

অন্বয়ঃ।—সর্ব্বস্য অপি [যঃ] আহারঃ (অন্নাদিঃ), [সঃ] তু ত্রিবিধঃ প্রিয়ঃ ভবতি; তথা (তদ্বৎ) যজ্ঞঃ, তপঃ, দানং চ; তেষাম্ ইমং ভেদং শৃণু॥ ৭

দম্ভ, অহঙ্কার, কাম, আসক্তি ও বলসমন্বিত হইয়া, শরীরস্থ ভূতসমূহকে কৃশ করিয়া ফেলে, এবং সঙ্গে সঙ্গে অন্তঃশরীরস্থ আমাকেও কৃশ করে, বিবেক-বর্জ্জিত ঐ সকল ব্যক্তিকে আসুর বলিয়া জানিবে॥ ৫-৬

অনুবাদ।—সমস্ত প্রাণীর প্রিয় আহারও [গুণবেদে] তিন প্রকার; সেইরূপ যজ্ঞ, তপঃ এবং দানও ত্রিবিধ; তাহাদের এই প্রকার ভেদ বলিতেছি, শ্রবণ কর॥ ৭

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ ।
রস্যাঃ স্নিগ্ধাঃ স্থিরা হৃদ্যা আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ ॥৮
কট্বম্ল-লবণাত্যুষ্ণ-তীক্ষ্ণ-রুক্ষ-বিদাহিনঃ ।
আহারা রাজসস্যেষ্টা দুঃখশোকাময়প্রদাঃ ॥৯

অন্বয়ঃ ।—আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ, রস্যাঃ (রসবন্তঃ) স্নিগ্ধাঃ (স্নেহবন্তঃ) স্থিরাঃ (দেহে সারাংশেন চিরকালাবস্থায়িনঃ) হৃদ্যাঃ (দৃষ্টিমাত্রেণ হৃদয়ঙ্গমাঃ) আহারাঃ (ভক্ষ্যভোজ্যাদয়ঃ) সাত্ত্বিকপ্রিয়াঃ ॥ ৮

অন্বয়ঃ ।—কট্বম্ল-লবণাত্যুষ্ণ-তীক্ষ্ণ-রুক্ষ-বিদাহিনঃ, দুঃখ-শোকাময়প্রদাঃ (দুঃখং তাৎকালিকং হৃদয়-সন্তাপাদি, শোকঃ পশ্চাদ্ভাবি দৌর্মনস্যম্ আময়ো রোগঃ এতান্ প্রদদতীতি তথা) আহারাঃ রাজসস্য ইষ্টাঃ ॥ ৯

অনুবাদ ।—আয়ুঃ, সত্ত্ব (উৎসাহ) বল আরোগ্য, (সামর্থ্য) সুখ ও প্রীতির সম্যক্ বর্দ্ধনকারী এবং সরস, স্নিগ্ধ, দেহে সারাংশের উৎপাদক এবং দর্শনমাত্রেই চিত্তপ্রীতিকর আহার সাত্ত্বিগণের প্রিয় । ৮

অনুবাদ ।—অতিকটু (নিম্বাদি) অতিঅম্ল, অতিলবণ,
. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাতযামং গতরসং পূতি পর্য্যুষিতঞ্চ যৎ।
উচ্ছিষ্টমপি চামেধ্যং ভোজনং তামসপ্রিয়ম্ ॥১০
অফলাকাঙ্ক্ষিভির্যজ্ঞো বিধিদিষ্টো য ইজ্যতে।
যষ্টব্যমেবেতি মনঃ সমাধায় স সাত্ত্বিকঃ ॥১১

অন্বয়ঃ।—যাতযামং (শৈত্যাবস্থাপ্রাপ্তং) গতরসং (নিষ্পীড়িতসারং), পূতি (দুর্গন্ধং), পর্য্যুষিতং (দিনান্তরপক্বং) চ, উচ্ছিষ্টম্ (অন্যভুক্তাবশিষ্টং) অমেধ্যম্ (অভক্ষ্যং) চ যৎ, [তৎ] অপি ভোজনং (ভোজ্যং) তামসপ্রিয়ম্ (তামসানাং প্রিয়ভোজনম্) ॥ ১০

অন্বয়ঃ।—অফলাকাঙ্ক্ষিভিঃ [পুরুষৈঃ] যষ্টব্যমেব

অত্যুষ্ণ, অতিতীক্ষ্ণ, (মরিচপ্রভৃতি), অতিরুক্ষ (কঙ্গুপ্রভৃতি) অতিবিদাহী (সর্ষপাদি) এইগুলি রাজসিক ব্যক্তিদিগের প্রিয় খাদ্য; এইগুলি ভোজন কালে ক্লেশ, অনন্তর চিত্তের অবসাদ এবং পরিশেষে রোগ উৎপাদন করে। ৯

অনুবাদ।—যে খাদ্য শৈত্যাবস্থাপ্রাপ্ত; রসহীন, দুর্গন্ধ, পর্য্যুষিত (বাসী) উচ্ছিষ্ট (অন্যের ভুক্তাবশিষ্ট) ও অপবিত্র, সে আহার তামসিকগণের প্রিয়। ১০

অনুবাদ।—ফলকামনাহীন ব্যক্তি অবশ্য-কর্তব্যবোধে

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভিসন্ধায় তু ফলং দম্ভার্থমপি চৈব যৎ।
ইজ্যতে ভরতশ্রেষ্ঠ তং যজ্ঞং বিদ্ধি রাজসম্॥১২
বিধিহীনমসৃষ্টান্নং মন্ত্রহীনমদক্ষিণম্।
শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে॥১৩

(যজ্ঞানুষ্ঠানমেব) কার্য্যম্ ইতি মনঃ সমাধায় (একাগ্রং কৃত্বা) বিধিদিষ্টঃ (বিধিবিহিতঃ) যঃ যজ্ঞঃ ইজ্যতে (অনুষ্ঠীয়তে), সঃ সাত্ত্বিকঃ॥ ১১

অন্বয়ঃ।—অপি তু ফলম্ অভিসন্ধায় (উদ্দিশ্য) দম্ভার্থম্ (স্ব-মহত্ত্বখ্যাপনায়) এব চ যৎ ইজ্যতে (যজ্ঞঃ ক্রিয়তে) হে ভরতশ্রেষ্ঠ! তং যজ্ঞং রাজসং বিদ্ধি (জানীহি)॥ ১২

অন্বয়ঃ।—বিধিহীনম্, (শাস্ত্রোক্তবিধানশূন্যম্), অসৃষ্টান্নং

মনকে একাগ্র করিয়া যে শাস্ত্রবিহিত যজ্ঞের অনুষ্ঠান করেন, তাহা সাত্ত্বিক॥ ১১

অনুবাদ।—হে ভরতশ্রেষ্ঠ! যে যজ্ঞ ফলকামনা পুরঃসর অপিচ নিজ মহত্ত্বপ্রকাশের জন্য অনুষ্ঠিত হয়, তাহাকে রাজস যজ্ঞ বলিয়া জানিবে॥ ১২

অনুবাদ। যে যজ্ঞ শাস্ত্রবিধানহীন ও সৎপাত্রে অন্নদান

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেব-দ্বিজ-গুরুপ্রাজ্ঞপূজনং শৌচমার্জ্জবম্।
ব্রহ্মচর্য্যমহিংসা চ শারীরং তপ উচ্যতে ॥১৪
অনুদ্বেগকরং বাক্যং সত্যং প্রিয়হিতঞ্চ যৎ।
স্বাধ্যায়াভ্যসনঞ্চৈব বাঙ্ময়ং তপ উচ্যতে ॥১৫

(ব্রাহ্মণাদিভ্যোঽদত্তান্নং) মন্ত্রহীনম্, অদক্ষিণং (যথোক্ত-দক্ষিণা-রহিতং), শ্রদ্ধাবিরহিতং (শ্রদ্ধাশূন্যং) যজ্ঞং [শিষ্টাঃ], তামসং পরিচক্ষতে (কথয়ন্তি)॥ ১৩

অন্বয়ঃ।—দেব-দ্বিজ-গুরু-প্রাজ্ঞ-পূজনং, শৌচম্, (অন্ত-র্বহিঃশুদ্ধিঃ) আর্জ্জবং, (সরলতা), ব্রহ্মচর্য্যম্, অহিংসা চ শারীরং (শরীর-নির্ব্বর্ত্ত্যং) তপঃ উচ্যতে ॥ ১৪

অন্বয়ঃ।—অনুদ্বেগকরং বাক্যং সত্যং [শ্রোতুঃ]

বিহীন, মন্ত্রহীন যথাবিহিত দক্ষিণাহীন, এবং শ্রদ্ধাপরিশূন্য তাহা তামস যজ্ঞ নামে খ্যাত ॥ ১৩

অনুবাদ।—দেব, দ্বিজ, গুরু, ও তত্ত্ববিদ্গণের পূজা, শৌচ, সরলতা, ব্রহ্মচর্য্য ও অহিংসা—এইগুলি শারীর (শরীর দ্বারা সম্পাদনীয়) তপ বলিয়া কথিত হয় ॥ ১৪

অনুবাদ।—অন্যের মনোদুঃখ-নিবারক বাক্য, সত্য,

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমুচ্যতে ॥১৬
শ্রদ্ধয়া পরয়া তপ্তং তপস্তৎ ত্রিবিধং নরৈঃ।
অফলাকাঙ্ক্ষিভির্যুক্তৈঃ সাত্ত্বিকং পরিচক্ষতে ॥১৭

প্রিয়হিতং (প্রীতিপ্রদং পরিণামে সুখকরং) চ যৎ [তথাচ] স্বাধ্যায়াভ্যসনং (বেদাভ্যাসঃ) চ এব, বাঙ্ময়ং (বাচানির্ব্বর্ত্ত্যং) তপঃ উচ্যতে [সুধীভিরিতি শেষঃ] ॥ ১৫

অন্বয়ঃ।—মনঃপ্রসাদঃ (চিত্তস্বাস্থ্যং), সৌম্যত্বং (অক্রূরত্বা), মৌনম্ আত্মবিনিগ্রহঃ (মনসঃ বিষয়েভ্যঃ প্রত্যাহারঃ), ভাবসংশুদ্ধিঃ (ব্যবহারে মায়ারাহিত্যং) ইতি, এতৎ তপঃ মানসম্ উচ্যতে ॥ ১৬

অন্বয়ঃ।—অফলাকাঙ্ক্ষিভিঃ (ফলাকাঙ্ক্ষাশূন্যৈঃ), যুক্তৈঃ

প্রিয় ও হিতকরবাক্য এবং বেদাভ্যাস—এই গুলি বাচিক তপ বলিয়া কথিত হয় ॥ ১৫

অনুবাদ।—চিত্তের প্রসন্নতা, সৌম্যতা, মৌনভাব অর্থাৎ বাক্‌সংযম, মনোনিগ্রহ ও অন্তঃকরণশুদ্ধি—এইগুলি মানসিক তপঃ নামে খ্যাত ॥ ১৬

অনুবাদ।—ফলাভিসন্ধিশূন্য একাগ্রচিত্ত ব্যক্তি পরম

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
সৎকারমানপূজার্থং তপো দম্ভেন চৈব যৎ।
ক্রিয়তে তদিহ প্রোক্তং রাজসং চলমধ্রুবম্ ॥১৮

মূঢ়গ্রাহেণাত্মনো যৎ পীড়য়া ক্রিয়তে তপঃ।
পরস্যোৎসাদনার্থং বা তত্তামসমুদাহৃতম্ ॥১৯

(একাগ্রচিত্তৈঃ) নরৈঃ পরয়া (শ্রেষ্ঠয়া) শ্রদ্ধয়া তপ্তং (নির্ব্বর্ত্তিতং) তৎ ত্রিবিধং (শারীরাদিকং) তপঃ সাত্ত্বিকং পরিচক্ষতে (কথয়ন্তি) ॥ ১৭

অন্বয়ঃ।—সৎকার-মান-পূজার্থং দম্ভেন চ এব যৎ তপঃ ক্রিয়তে, ইহ চলম্ (অনিত্যং), অধ্রুবং (ক্ষণিকম্) তৎ [তপঃ] রাজসং প্রোক্তম্ ॥ ১৮

অন্বয়ঃ।—মূঢ়গ্রাহেণ (অবিবেক-কৃতেন) পরস্য উৎ-

শ্রদ্ধা সহকারে যে পূর্ব্বোক্ত ত্রিবিধ তপঃ অনুষ্ঠান করেন, সুধীগণ তাহাকে সাত্ত্বিক বলিয়া থাকেন ॥ ১৭

অনুবাদ।—যে তপস্যা সৎকার, মান ও পূজা পাইবার জন্য দম্ভপূর্ব্বক অনুষ্ঠিত হয়, তাহা রাজসী তপস্যা। এই রাজসী তপস্যা ইহলোকে অনিত্য এবং অল্পফলপ্রদ ॥ ১৮

অনুবাদ।—মোহবশে অর্থাৎ অবিবেককৃত দুরাগ্রহবশে

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাতব্যমিতি যদ্দানং দীয়তেঽনুপকারিণে।
দেশে কালে চ পাত্রে চ তদ্দানং সাত্ত্বিকং স্মৃতম্ ॥২০
যত্তু প্রত্যুপকারার্থং ফলমুদ্দিশ্য বা পুনঃ।
দীয়তে চ পরিক্লিষ্টং তদ্দানং রাজসং স্মৃতম্ ॥২১

সাদনার্থং (বিনাশার্থং) বা আত্মনঃ পীড়য়া যৎ তপঃ ক্রিয়তে, তৎ তামসম্ উদাহৃতম্ ॥ ১৯

অন্বয়ঃ।—অনুপকারিণে (প্রত্যুপকারাসমর্থায়), দেশে (পুণ্যক্ষেত্রে), কালে (পুণ্যকালে গ্রহণাদৌ), পাত্রে (তপঃস্বাধ্যায়সম্পন্নায় অথবা পাত্রে রক্ষকায়) চ দাতব্যম্ ইতি যৎ দানং দীয়তে, তৎদানং সাত্ত্বিকং স্মৃতম্ ॥ ২০

অন্বয়ঃ।—পুনঃ (পরন্তু) যৎ প্রত্যুপকারার্থং বা (অথবা)

এবং শরীরাদিকে পীড়া দিয়া বা অন্যের বিনাশোদ্দেশে যে তপস্যা অনুষ্ঠিত হয়, তাহা তামস নামে খ্যাত ॥ ১৯

অনুবাদ।—কেবল কর্ত্তব্যানুরোধে পুণ্যক্ষেত্রে, পুণ্যকালে, প্রত্যুপকারে অসমর্থ সৎপাত্রকে যে দান করা হয়, তাহাই সাত্ত্বিক দান বলিয়া জানিবে ॥ ২০

অনুবাদ।—পরন্তু যে দান প্রত্যুপকার-প্রত্যাশায় অথবা

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অদেশকালে যদ্দানমপাত্রেভ্যশ্চ দীয়তে।
অসৎকৃতমবজ্ঞাতং তত্তামসমুদাহৃতম্ ॥২২

ওঁতৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ।
ব্রাহ্মণাস্তেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ পুরা ॥২৩

ফলম্ (স্বর্গাদি পারলৌকিকম্) উদ্দিশ্য পরিক্লিষ্টং (চিত্তক্লেশযুক্তং যথাতথা) দীয়তে, তৎ দানং রাজসং স্মৃতম্ ॥ ২১

অন্বয়ঃ।—অদেশকালে (অশুচিস্থানে অশৌচাদিসময়ে) অপাত্রেভ্যশ্চ (স্তাবকাদিভ্যঃ নতু সাধুভ্যঃ) অসৎকৃতম্ (সৎকারশূন্যম্) অবজ্ঞাতং (পাত্রতিরস্কারযুক্তং) যৎ দানং দীয়তে, (অর্প্যতে) তৎ (তাদৃশং দানং) তামসম্ উদাহৃতম্ (কথিতম্) [শিষ্টৈরিতিশেষঃ] ২২

অন্বয়ঃ।—ওঁ তৎ সৎ ইতি ত্রিবিধঃ ব্রহ্মণঃ (পরমাত্মনঃ)

স্বর্গাদি ফলকামনায় এবং লোভাতিশয়বশতঃ চিত্তক্লেশসহকারে প্রদত্ত হয়, তাহা রাজসিক বলিয়া মনে করিবে॥ ২১

অনুবাদ।—যে দান অশুচি অবস্থায়, অশুচি স্থানে, অপাত্রে প্রদত্ত এবং যাহা সৎকার-রহিত এবং অবজ্ঞাপূর্ব্বক প্রদত্ত, তাহা তামস দান বলিয়া খ্যাত॥ ২২

অনুবাদ।—"ওঁ তৎ সৎ"—এই তিনটি ব্রহ্মেরই নাম

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মাদোমিত্যুদাহৃত্য যজ্ঞদানতপঃক্রিয়াঃ।
প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্॥ ২৪
তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞতপঃক্রিয়াঃ।
দানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ॥২৫

নির্দ্দেশঃ (নাম্না ব্যপদেশঃ) স্মৃতঃ; তেন (ত্রিবিধেন ব্রহ্মণো-নির্দ্দেশেন) ব্রাহ্মণাঃ চ বেদাঃ চ যজ্ঞাঃ চ পুরা (সৃষ্ট্যাদৌ) বিহিতাঃ (বিধাত্রা নির্ম্মিতাঃ)॥ ২৩

অন্বয়ঃ।—তস্মাৎ ওঁ ইতি উদাহৃত্য (উচ্চার্য্য) ব্রহ্ম-বাদিনাং (বেদবাদিনাম্) বিধানোক্তাঃ (শাস্ত্রোক্তাঃ) যজ্ঞ-দান-তপঃ-ক্রিয়াঃ সততং (সর্ব্বদা) প্রবর্ত্তন্তে (প্রকর্ষেণ বর্ত্তন্তে অঙ্গবৈকল্যেনাপি পূর্ণাঙ্গা ভবন্তি)॥ ২৪

অন্বয়ঃ।—তৎ ইতি [উদাহৃত্য] মোক্ষকাঙ্ক্ষিভিঃ

বলিয়া নির্দ্দিষ্ট আছে। এই তিনটি দ্বারা বিধাতা পুরাকালে ব্রাহ্মণ, বেদ ও যজ্ঞ সৃষ্টি করিয়াছেন॥ ২৩

অনুবাদ।—অতএব [কর্ম্মারম্ভে] ওঁকার উচ্চারণ করিয়া বেদবেত্তাদিগের শাস্ত্রোক্ত যজ্ঞ-দান-তপস্যাদি ক্রিয়া প্রবর্ত্তিত হইয়া [পূর্ণাঙ্গ হইয়া] থাকে॥ ২৪

অনুবাদ।—মুমুক্ষুগণ "তৎ" এই শব্দ উচ্চারণ করিয়া

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সদ্ভাবে সাধুভাবে চ সদিত্যেতৎ প্রযুজ্যতে।
প্রশস্তে কর্ম্মণি তথা সচ্ছব্দঃ পার্থ যুজ্যতে ॥২৬
যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ সদিতি চোচ্যতে।
কর্ম্ম চৈব তদর্থীয়ং সদিত্যেবাভিধীয়তে ॥২৭

(শুদ্ধচিত্তৈঃ মুমুক্ষুভিঃ পুরুষৈঃ) ফলম্ অনভিসন্ধায় (ফলাভিসন্ধিমকৃত্বা) বিবিধাঃ যজ্ঞ-তপঃ-ক্রিয়াঃ দানক্রিয়াশ্চ ক্রিয়ন্তে (অনুষ্ঠীয়ন্তে) ॥ ২৫

অন্বয়ঃ।—হে পার্থ! [শিষ্টৈঃ সাধুভিঃ] সদ্‌ভাবে (অস্তিত্বে), সাধুভাবে (সাধুত্বে) চ "সৎ" ইত্যেতৎ প্রযুজ্যতে; তথা (তদ্বৎ) প্রশস্তে (মাঙ্গলিকে) কর্ম্মণি "সৎ" শব্দঃ যুজ্যতে (সঙ্গচ্ছতে) ॥ ২৬

অন্বয়ঃ।—যজ্ঞে, তপসি, দানে চ স্থিতিঃ (তাৎপর্য্যেণ

ফলাভিসন্ধি পরিত্যাগপূর্ব্বক নানাবিধ যজ্ঞ, তপস্যা, দান প্রভৃতি ক্রিয়া সম্পাদন করিয়া থাকেন ॥ ২৫

অনুবাদ।—হে পার্থ! সদ্ভাবে (সমুদয় বস্তুর ব্রহ্মভাব নির্দ্দেশে), এবং সাধুভাবে (যাবতীয় সাধুতায়) সৎশব্দ প্রযুক্ত হয়; আর মঙ্গল-কার্য্যকালে শিষ্টগণ "সৎ" এই শব্দ উচ্চারণ করিয়া থাকেন ॥ ২৬

অনুবাদ।—মহাত্মগণ কর্ত্তৃক যজ্ঞ, তপ ও দানে নিষ্ঠা

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ।
অসদিত্যুচ্যতে পার্থ ন চ তৎ প্রেত্য নো ইহ ॥২৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে শ্রদ্ধাত্রয়বিভাগ-যোগো নাম সপ্তদশোঽধ্যায়ঃ।

অবস্থানং) "সৎ" ইতি উচ্যতে চ; তদর্থীয়ং কর্ম্ম চ এব "সৎ" এব অভিধীয়তে (কথ্যতে) [শিষ্টৈরিতিশেষঃ] ॥ ২৭

অন্বয়ঃ।—অশ্রদ্ধয়া হুতং (হবনং), দত্তং (দানং), তপ্তং (নির্ব্বর্ত্তিতং) তপঃ, [অন্যদপি] যৎ কৃতং, [তৎ সর্ব্বং] "অসৎ" ইতি উচ্যতে (সাধুভিঃ কথ্যতে), হে পার্থ! তৎ প্রেত্য (লোকান্তরে) ন ফলতি, নো চ (নবা) ইহ (অস্মিন্ লোকে) [ফলতি] ॥ ২৮

"সৎ" এই নামে অভিহিত হয় এবং তদর্থীয় অর্থাৎ ভগবৎ-প্রীত্যর্থে যাবতীয় কর্ম্মও "সৎ" বলিয়া কথিত হয় ॥ ২৭

অনুবাদ।—অশ্রদ্ধা সহকারে যে যজ্ঞ, দান ও তপ বা অন্য যাহা কিছু কর্ম্ম অনুষ্ঠিত হয়, তৎসমস্তই অসৎ বলিয়া কথিত হয়; তাদৃশ কার্য্য ইহলোকে বা পরলোকে সফল হয় না ॥ ২৮

ইতি শ্রদ্ধাত্রয়-বিভাগযোগ।

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টাদশোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

সন্ন্যাসস্য মহাবাহো তত্ত্বমিচ্ছামি বেদিতুম্।
ত্যাগস্য চ হৃষীকেশ পৃথক্ কেশিনিসূদন ॥১

শ্রীভগবানুবাচ।

কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ ॥২

অন্বয়ঃ।—অর্জ্জুনঃ উবাচ—হে হৃষীকেশ! (সর্ব্বেন্দ্রিয়-নিয়ামক) মহাবাহো! কেশিনিসূদন! সন্ন্যাসস্য ত্যাগস্য চ তত্ত্বং (স্বরূপং) পৃথক্ [বিবেকেন] বেদিতুম্ ইচ্ছামি ॥ ১

অন্বয়ঃ।—শ্রীভগবান্ উবাচ—কবয়ঃ (কেচিৎ পণ্ডিতাঃ) কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং (পরিত্যাগং) সন্ন্যাসং বিদুঃ

অনুবাদ।—অর্জ্জুন কহিলেন, হে হৃষীকেশ! (সর্ব্বেন্দ্রিয়, নিয়ামক) মহাবাহো! কেশিনিসূদন! আমি সন্ন্যাস ও ত্যাগের তত্ত্ব পৃথক্‌রূপে জানিতে ইচ্ছা করি ॥ ১

অনুবাদ।—শ্রীভগবান্ কহিলেন, কোন কোন পণ্ডিত

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্ম্মনীষিণঃ।
যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপরে॥ ৩
নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তম।
ত্যাগো হি পুরুষব্যাঘ্র ত্রিবিধঃ সং প্রকীর্ত্তিতঃ॥ ৪

(জানন্তি); বিচক্ষণাঃ (নিপুণাঃ পণ্ডিতাঃ) সর্ব্বকর্ম্মফল-ত্যাগং ত্যাগং (ত্যাগশব্দার্থং) প্রাহুঃ (বদন্তি)॥ ২

অন্বয়ঃ।—একে মনীষিণঃ (কেচিৎ পণ্ডিতাঃ, সাংখ্যা ইত্যর্থঃ) কর্ম্ম দোষবৎ ইতি [হেতোঃ] ত্যাজ্যং প্রাহুঃ (বদন্তি); অপরে চ (মীমাংসকাঃ) যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যম্ (অবশ্যকর্ত্তব্যম্) ইতি [প্রাহুঃ]॥ ৩

অন্বয়ঃ।—হে ভরতসত্তম! হে পুরুষব্যাঘ্র (পুরুষশ্রেষ্ঠ)!

কাম্য-কর্ম্ম সমূহের ত্যাগকেই "সন্ন্যাস" বলিয়া জানেন; পরন্তু বিচক্ষণগণ সমস্ত কর্ম্মের ফল ত্যাগকেই "ত্যাগ" বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন॥ ২

অনুবাদ।—কোন কোন মনীষী (সাংখ্যপণ্ডিতগণ) কহেন, কর্ম্ম মাত্রই দোষবিশিষ্ট; অতএব পরিত্যাজ্য; অপর কেহ কেহ (মীমাংসকগণ) বলেন, যজ্ঞ, দান ও তপোরূপ কর্ম্ম কোন মতেই পরিত্যাজ্য নহে॥ ৩

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজ্ঞদানতপঃ-কর্ম্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ।
যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্ ॥৫
এতান্যপি তু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ফলানি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ নিশ্চিতং মতমুত্তমম্ ॥৬

তত্র ত্যাগে মে (মম) নিশ্চয়ঃ (সিদ্ধান্তং) শৃণু; হি (যস্মাৎ) [তত্ত্ববিদ্ভিঃ] ত্যাগঃ [তামসাদিভেদেন] ত্রিবিধঃ সম্প্রকীর্ত্তিতঃ (সম্যক্ বিবেকেন কীর্ত্তিতঃ)॥ ৪

অন্বয়ঃ।—যজ্ঞ-দান-তপঃ-কর্ম্ম ন ত্যাজ্যং, তৎ কার্য্যম্ (কর্ত্তব্যম্) এব; যজ্ঞঃ, দানং তপঃ চ মনীষিণাং (তত্ত্বজ্ঞানাং বিবেকিনাং) পাবনানি (চিত্তশুদ্ধিকরাণি) এব ॥ ৫

অন্বয়ঃ।—হে পার্থ! অপি তু এতানি (যজ্ঞাদীনি)

অনুবাদ।—হে ভরতসত্তম! পুরুষশ্রেষ্ঠ! কর্ম্মত্যাগ-সম্বন্ধে আমার সিদ্ধান্ত শ্রবণ কর। [তত্ত্ববিদ্‌গণ তামসাদি-ভেদে] ত্যাগ তিনপ্রকার বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন ॥ ৪

অনুবাদ।-- যজ্ঞ, দান ও তপোরূপ কর্ম্ম কদাচ পরিত্যাজ্য নহে; [পরন্তু] ঐগুলি অবশ্যকর্ত্তব্য; কারণ, যজ্ঞ দান ও তপস্যা মনীষিগণের (তত্ত্বজ্ঞবিবেকীদিগের) চিত্তশুদ্ধিসম্পাদক ॥ ৫

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণো নোপপদ্যতে।
মোহাত্তস্য পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥৭

কর্ম্মাণি সঙ্গং (কর্তৃত্বাভিনিবেশং), ফলানি চ ত্যক্ত্বা [কেবলমীশ্বরারাধনতয়া] কর্ত্তব্যানি, ইতি মে (মম) নিশ্চিতম্ [অতএব] উত্তমং মতম্ ॥ ৬

অন্বয়ঃ।—নিয়তস্য (নিত্যস্য) কর্ম্মণঃ (সন্ধ্যাবন্দনাদেঃ) তু সন্ন্যাসঃ (ত্যাগঃ) ন উপপদ্যতে [মোক্ষহেতুত্বাৎ]; মোহাৎ তস্য পরিত্যাগঃ তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৭

অনুবাদ।—হে অর্জ্জুন! পূর্ব্বোক্ত যজ্ঞ-দানাদি কর্ম্মানুষ্ঠান-কালে কর্তৃত্বাভিমান (আমি করিতেছি এইরূপ বোধ) ও স্বর্গাদি-ফল-কামনা ত্যাগ করিয়া সম্পাদন করাই আমার সিদ্ধান্ত; অতএব ইহাই শ্রেষ্ঠ ত্যাগ ॥ ৬

অনুবাদ।—কিন্তু [সন্ধ্যাবন্দনাদি] নিত্যকর্ম্ম-ত্যাগ উচিত নহে; [কারণ, উহা চিত্তশুদ্ধিকর, সুতরাং মোক্ষসাধক]; মোহবশতঃ নিত্যকর্ম্মের ত্যাগকে বিবেকিগণ তামস ত্যাগ বলিয়া নির্দ্দেশ করেন ॥ ৭

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াত্ত্যজেৎ।
স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ ॥৮
কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম নিয়তং ক্রিয়তেঽর্জ্জুন।
সঙ্গং ত্যক্ত্বা ফলঞ্চৈব স ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ ॥৯

অন্বয়ঃ।—[যঃ কর্ত্তা] দুঃখম্ ইতিএব [মত্বা] কায়ক্লেশভয়াৎ যৎ [নিত্যং] কর্ম্ম ত্যজেৎ, সঃ রাজসং ত্যাগং কৃত্বা ত্যাগফলং (জ্ঞাননিষ্ঠাং) নৈব লভেৎ (প্রাপ্নুয়াৎ) ॥ ৮

অন্বয়ঃ।—হে অর্জ্জুন! সঙ্গং (আসক্তিং) ফলং চ এব ত্যক্ত্বা কার্য্যম্ (অবশ্যমেবানুষ্ঠেয়ম্) ইতি [মত্বা] যৎ নিয়তং (অবশ্যকর্ত্তব্যতয়া বিহিতং) কর্ম্ম ক্রিয়তে, (অনুষ্ঠীয়তে) সঃ ত্যাগঃ [মনীষিভিঃ] সাত্ত্বিকঃ মতঃ (স্বীকৃতঃ ॥ ৯

অনুবাদ।—যে ব্যক্তি দুঃখ বুদ্ধিতে দৈহিক ক্লেশের ভয়ে নিত্যকর্ম্ম ত্যাগ করে, সে রাজসিক ত্যাগ করে; এজন্য কখনও ত্যাগের ফল (জ্ঞাননিষ্ঠা) প্রাপ্ত হয় না ॥ ৮

অনুবাদ।—আসক্তি ও ফলকামনা ত্যাগ করিয়া কর্ত্তব্য বোধে যে নিত্য কর্ম্ম করা হয়, তাদৃশ ত্যাগ (আসক্তি ও ফল ত্যাগ) সাত্ত্বিক বলিয়া অভিহিত ॥ ৯

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ॥ ১০
ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ।
যস্তু কর্ম্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে॥ ১১

অন্বয়ঃ।—সত্ত্বসমাবিষ্টঃ (সত্ত্বপরিব্যাপ্তঃ) মেধাবী, (স্থিরবুদ্ধিঃ) ছিন্নসংশয়ঃ (সংশয়হীনঃ) ত্যাগী, অকুশলং (দুঃখাবহং) কর্ম্ম ন দ্বেষ্টি, কুশলে (সুখকরে কর্ম্মণি) ন অনুষজ্জতে (প্রীতিং নানুভবতি)॥ ১০

অন্বয়ঃ।—দেহভৃতা (শরীরিণা) অশেষতঃ (নিঃশেষেণ) কর্ম্মাণি (নিত্যনৈমিত্তিকানি) ত্যক্তুং নহি শক্যম্; যস্তু কর্ম্মফলত্যাগী, সঃ ত্যাগী ইতি অভিধীয়তে (কথ্যতে)॥ ১১

অনুবাদ।—সত্ত্বগুণসম্পন্ন মেধাবী, সংশয়হীন, সাত্ত্বিক ত্যাগী দুঃখকর কার্য্যে দ্বেষ করেন না; সুখকর কার্য্যেও প্রীতি বোধ করেন না॥ ১০

অনুবাদ।—দেহাভিমানী জীব সম্পূর্ণ রূপে সমস্ত নিত্যনৈমিত্তিক প্রভৃতি কর্ম্ম ত্যাগ করিতে পারে না; পরন্তু যিনি কর্ম্মফলত্যাগী, তিনিই ত্যাগী বলিয়া অভিহিত॥ ১১

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্।
ভবত্যত্যাগিনাং প্রেত্য ন তু সন্ন্যাসিনাং ক্বচিৎ॥১২
পঞ্চৈমানি মহাবাহো কারণানি নিবোধ মে।
সাঙ্খ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্ব্বকর্ম্মণাম্॥১৩

অন্বয়ঃ।—অনিষ্টম্ (নারকিত্বম্) ইষ্টং (দেবত্বং) মিশ্রং (মানবত্বং) [ইতি] ত্রিবিধং কর্ম্মণঃ [যৎ] ফলম্ [তৎ] অত্যাগিনাং (সকামানাং) প্রেত্য (পরত্র) ভবতি, তু (কিন্তু) সন্ন্যাসিনাং ক্বচিৎ ন [ভবতি]॥ ১২

অন্বয়ঃ।—হে মহাবাহো! সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে (নিষ্পত্তয়ে) সাংখ্যে (তত্ত্বজ্ঞাপকে) কৃতান্তে (বেদান্তসিদ্ধান্তে) প্রোক্তানি (বর্ণিতানি) ইমানি (বক্ষ্যমাণানি) পঞ্চ কারণানি মে (বচনাৎ) নিবোধ (সম্যক্ জানীহি)॥ ১৩

অনুবাদ।—অনিষ্ট, ইষ্ট এবং ইষ্টানিষ্টমিশ্র এই ত্রিবিধ কর্ম্মের ফল সকাম ব্যক্তিগণ পরলোকে ভোগ করিয়া থাকে; কিন্তু সন্ন্যাসীদিগের (ত্যাগীদিগের) ঐ সকল কর্ম্মফল কদাচ হয় না (এ স্থলে 'সন্ন্যাসী' এই শব্দকে কর্ম্মফল-ত্যাগী বুঝিতে হইবে)॥ ১২

অনুবাদ।—হে মহাবাহো! সর্ব্বকর্ম্মসিদ্ধির নিমিত্ত

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধিষ্ঠানং তথা কর্ত্তা করণঞ্চ পৃথগ্বিধম্।
বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবঞ্চৈবাত্র পঞ্চমম্॥ ১৪
শরীরবাঙ্মনোভির্যৎ কর্ম্ম প্রারভতে নরঃ।
ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতবঃ॥ ১৫

অন্বয়ঃ।—অধিষ্ঠানং (শরীরং), তথা কর্ত্তা (অহঙ্কারঃ), পৃথগ্বিধং (নানাপ্রকারঃ) করণং (চক্ষুরাদি) বিবিধাঃ (কার্য্যতঃ স্বরূপতশ্চ) পৃথক্ চেষ্টাঃ (প্রাণাপানাদীনাং ব্যাপারাঃ) অত্র (এতেষু) পঞ্চমং দৈবম্ এব॥ ১৪

অন্বয়ঃ।—নরঃ শরীর-বাঙ্-মনোভিঃ যৎ ন্যায্যং (ধর্ম্ম্যং) বা বিপরীতং (অধর্ম্ম্যং) বা কর্ম্ম প্রারভতে (অনুতিষ্ঠতি), এতে (পূর্ব্বোক্তাঃ) পঞ্চ তস্য হেতবঃ॥ ১৫

তত্ত্বজ্ঞানপ্রকাশক সাংখ্যেও বেদান্তসিদ্ধান্তে যে পাঁচটি কারণ বর্ণিত হইয়াছে, তাহা তুমি আমার মুখে অবগত হও॥ ১৩

অনুবাদ।—অধিষ্ঠান (দেহ), কর্ত্তা (ক্রিয়া-সম্পাদক অহঙ্কার) পৃথক্ পৃথক্ ইন্দ্রিয়গুলি, নানাবিধ পৃথক্ চেষ্টা এবং এই সকলের অনুগ্রাহক আদিত্যাদি দৈব অথবা সর্ব্বপ্রেরক সর্ব্বান্তর্য্যামীই পঞ্চম॥ ১৪

অনুবাদ।—মনুষ্য শরীর, বাক্য ও মনের দ্বারা ধর্ম্য বা

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Va

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS.

তত্রৈবং সতি কর্ত্তারমাত্মানং কেবলন্তু যঃ।
পশ্যত্যকৃতবুদ্ধিত্বান্ন স পশ্যতি দুর্ম্মতিঃ॥ ১৬
যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমাল্লোঁকান্ন হন্তি ন নিবধ্যতে॥ ১৭

অন্বয়ঃ।—তত্র এবং সতি, যঃ তু কেবলং (নিরুপাধিকম্) আত্মানং কর্ত্তারং পশ্যতি, অকৃতবুদ্ধিত্বাৎ (অসংস্কৃতবুদ্ধিত্বাৎ) স দুর্ম্মতিঃ [সম্যক্] ন পশ্যতি॥ ১৬

অন্বয়ঃ।—যস্য অহংকৃতঃ ভাবঃ (অহং কর্ত্তা ইত্যেবংভূতো ভাবঃ) ন, যস্য বুদ্ধিঃ ন লিপ্যতে (ইষ্টবুদ্ধ্যা কর্ম্মসু ন সজ্জতে) স ইমান্ লোকান্ [লোকদৃষ্ট্যা] হত্বা অপি ন হন্তি ন নিবধ্যতে (বন্ধনমাপ্নোতি)॥ ১৭

অধর্ম্ম্য যে কোন কর্ম্মই করুক না কেন, এই পাঁচটিই তৎসমূহের হেতু॥ ১৫

অনুবাদ।—এইরূপ হইলে, যে মূঢ় ব্যক্তি অসঙ্গ উদাসীন আত্মাকে কর্ত্তা বলিয়া দেখে, অপরিমার্জ্জিত-বুদ্ধি বশতঃ সেই দুর্ম্মতি সম্যক্ দেখিতে পায় না॥ ১৬

অনুবাদ।—"আমি কর্ত্তা" যাহার এরূপ অভিমান নাই,

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।
করণং কর্ম্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ ॥ ১৮
জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ।
প্রোচ্যতে গুণসঙ্খ্যানে যথাবচ্ছৃণু তান্যপি ॥ ১৯

অন্বয়ঃ।—জ্ঞানং (ইষ্টসাধনমেতদিতি বোধঃ), জ্ঞেয়ং (ইষ্টসাধনং কর্ম্ম), পরিজ্ঞাতা (এতজ্জ্ঞানাশ্রয়ঃ) [এবং] ত্রিবিধা কর্ম্মচোদনা (কর্ম্মপ্রবৃত্তিহেতুঃ); করণং (সাধকতমং), কর্ম্ম (কর্ত্তুরীপ্সিততমং) কর্ত্তা (ক্রিয়ানির্ব্বর্ত্তকঃ), ইতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ (ক্রিয়াশ্রয়ঃ) ॥ ১৮

অন্বয়ঃ।—গুণসংখ্যানে (সংখ্যশাস্ত্রে) জ্ঞানং কর্ম্ম চ

যাঁহার বুদ্ধি ইষ্টানিষ্ট বোধে কার্য্যে লিপ্ত হয় না, তিনি [লোকদৃষ্টিতে] সমস্ত লোক হনন করিয়াও [কর্ত্তৃত্বাভিমান না থাকায়] বস্তুতঃ হনন করেন না এবং তাহার ফলে কর্ম্মবন্ধন প্রাপ্ত হন না ॥ ১৭

অনুবাদ।—জ্ঞান (ইষ্টসাধন বোধ), জ্ঞেয় (ইষ্টসাধক কর্ম্ম) পরিজ্ঞাতা—(এইরূপ জ্ঞানের আশ্রয়)—এই তিনটি কর্ম্মের প্রবর্ত্তক। আর করণ, কর্ম্ম ও কর্ত্তা এই তিনটি ক্রিয়ার আশ্রয় ॥ ১৮

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বভূতেষু যেনৈকং ভাবমব্যয়মীক্ষতে।
অবিভক্তং বিভক্তেষু তজ্‌জ্ঞানং বিদ্ধি সাত্ত্বিকম্ ॥২০
পৃথক্ত্বেন তু যজ্‌জ্ঞানং নানাভাবান্ পৃথগ্বিধান্।
বেত্তি সর্ব্বেষু ভূতেষু তজ্‌জ্ঞানং বিদ্ধি রাজসম্ ॥২১

কর্ত্তা চ [প্রত্যেকং] গুণভেদতঃ (সত্ত্বাদিগুণভেদেন) বিধা এব প্রোচ্যতে, (কথ্যতে) তানি অপি যথাবৎ শৃণু ॥ ১৯

অন্বয়ঃ।—যেন (জ্ঞানেন) বিভক্তেষু (পরস্পরভিন্নেষু) সর্ব্বভূতেষু অবিভক্তম্ একম্ (অদ্বিতীয়ং) অব্যয়ং (নির্ব্বিকারং) ভাবম্ (পরমাত্মতত্ত্বম্) ঈক্ষতে (অবলোকয়তি), তৎ জ্ঞানং সাত্ত্বিকং বিদ্ধি (বিজানীহি) ॥ ২০

অন্বয়ঃ।—পৃথক্‌ত্বেন তু যৎ জ্ঞানং সর্ব্বেষু ভূতেষু পৃথগ্‌বিধান্ নানাভাবান্ বেত্তি, তৎ জ্ঞানং রাজসং বিদ্ধি ॥ ২১

অনুবাদ।—সাংখ্যশাস্ত্রে জ্ঞান, কর্ম্ম ও কর্ত্তা এই তিনটী সত্ত্বাদিগুণভেদে ত্রিবিধ বলিয়া কথিত আছে, তৎসমুদায় যথাক্রমে শ্রবণ কর ॥ ১৯

অনুবাদ।—যদ্দ্বারা পরস্পর ভিন্নরূপে প্রতীয়মান ভূতসমূহে সর্ব্বব্যাপক এক অব্যয় সত্তারূপ ব্রহ্মভাবের উপলব্ধি হয়, তাহাই সাত্ত্বিক-জ্ঞান বলিয়া জানিবে ॥ ২০

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যত্তু কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকম্।
অতত্ত্বার্থবদল্পঞ্চ তত্তামসমুদাহৃতম্ ॥ ২২

নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতম্।
অফলপ্রেপ্সুনা কর্ম্ম যত্তৎ সাত্ত্বিকমুচ্যতে ॥ ২৩

অন্বয়ঃ।—যৎ তু একস্মিন্ কার্য্যে (দেহে প্রতিমাদৌ বা) কৃৎস্নবৎ (পরিপূর্ণবৎ) সক্তম্ (অভিনিবেশযুক্তম্) অহৈতুকম্ (নিরুপপত্তিকম্) অতত্ত্বার্থবৎ (পরমার্থাবলম্বনশূন্যম্) অল্পঞ্চ, তৎ তামসম্ উদাহৃতম্ (কথিতম্) ॥ ২২

অন্বয়ঃ।—অফলপ্রেপ্সুনা (নিষ্কামেণ কর্ত্রা) নিয়তং (নিত্যতয়া বিহিতং) সঙ্গরহিতম্ (অভিনিবেশশূন্যম্) অরাগদ্বেষতঃ কৃতং যৎ কর্ম্ম, তৎ সাত্ত্বিকম্ উচ্যতে ॥ ২৩

অনুবাদ।—পৃথক্ পৃথক্ দেহাদি ভূত-সমূহে পৃথক্ পৃথক্ নানাভাবের যে বোধ জন্মে, তাহাই রাজস জ্ঞান ॥ ২১

অনুবাদ।—আর যে জ্ঞানে কোন একটি পদার্থ-বিশেষে আত্মার সম্পূর্ণরূপে বিদ্যমানতা অনুভূত হয়, সেই হেতুশূন্য পরমার্থাবলম্বনহীন সুতরাং তুচ্ছ যৎসামান্য জ্ঞানকে তামস জ্ঞান বলা যায় ॥ ২২

অনুবাদ।—নিষ্কাম ব্যক্তি অনাসক্তভাবে অনুরাগ বা

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যত্তু কামেপ্সুনা কর্ম্ম সাহঙ্কারেণ বা পুনঃ।
ক্রিয়তে বহুলায়াসং তদ্রাজসমুদাহৃতম্ ॥ ২৪

অনুবন্ধং ক্ষয়ং হিংসামনপেক্ষ্য চ পৌরুষম্।
মোহাদারভ্যতে কর্ম্ম যৎ তত্তামসমুচ্যতে ॥ ২৫

অন্বয়ঃ।—পুনঃ (কিন্তু) কামেপ্সুনা (ফলাভিলাষিণা) সাহঙ্কারেণ (বিবৃঢ়াহঙ্কারযুক্তেন) বা বহুলায়াসং (অতি-ক্লেশযুক্তং) যৎ তু কর্ম্ম ক্রিয়তে (অনুষ্ঠীয়তে), তৎ রাজসম্ উদাহৃতম্ (কথিতম্) ॥ ২৪

অন্বয়ঃ।—অনুবন্ধং (পশ্চাদ্ভাবি শুভাশুভং), ক্ষয়ং (ধনক্ষয়ং), হিংসাং (পরপীড়াং) পৌরুষং (সামর্থ্যং) চ অনপেক্ষ্য (অপর্য্যালোচ্য) মোহাৎ যৎ কর্ম্ম আরভ্যতে,—তৎ তামসম্ উচ্যতে (কথ্যতে) ॥ ২৫

বিদ্বেষের বশবর্ত্তী না হইয়া অবশ্যকর্ত্তব্য রূপে বিহিত যে কর্ম্ম করেন, তাহা সাত্ত্বিক কর্ম্ম নামে অভিহিত ॥ ২৩

অনুবাদ।—কর্ম্ম ফলাভিলাষী বা অহঙ্কৃত ব্যক্তি অতি-শয় আয়াস সহকারে যে কর্ম্ম অনুষ্ঠান করেন, তাহা রাজস নামে কথিত হইয়া থাকে ॥ ২৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুক্তসঙ্গোঽনহংবাদী ধৃত্যুৎসাহসমন্বিতঃ।
সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্ব্বিকারঃ কর্ত্তা
সাত্ত্বিক উচ্যতে॥ ২৬

রাগী কর্ম্মফলপ্রেপ্সুর্লুব্ধো হিংসাত্মকোঽশুচিঃ।
হর্ষশোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ॥ ২৭

অন্বয়ঃ।—মুক্তসঙ্গঃ (ত্যক্তাভিনিবেশঃ), অনহংবাদী (গর্ব্বোক্তিরহিতঃ), ধৃত্যুৎসাহসমন্বিতঃ, [কর্ম্মণঃ] সিদ্ধ্যসিদ্ধ্যোঃ (সিদ্ধৌ অসিদ্ধৌ চ) নির্ব্বিকারঃ (হর্ষবিষাদশূন্যঃ) কর্ত্তা সাত্ত্বিকঃ উচ্যতে॥ ২৬

অন্বয়ঃ।—রাগী (আসক্তিমান্), কর্ম্মফলপ্রেপ্সুঃ (ফল-

অনুবাদ।—পরিণামে কর্ম্মবন্ধ, ক্ষয়, হিংসা ও পৌরুষ পর্য্যালোচনা না করিয়া, মোহ বশতঃ যে কর্ম্মের আরম্ভ করা হয়, তাহা তামস বলিয়া খ্যাত॥ ২৫

অনুবাদ।—আসক্তিহীন গর্ব্বোক্তিহীন, ধৃতি-সম্পন্ন উৎসাহ-সংযুক্ত এবং কর্ম্মের সিদ্ধি ও অসিদ্ধিতে নির্ব্বিকার (হর্ষবিষাদহীন) এইরূপ কর্ত্তা,সাত্ত্বিক নামে অভিহিত॥ ২৬

অনুবাদ।—বিষয়ানুরাগী, কর্ম্মফলাকাঙ্ক্ষী,— লুব্ধচিত্ত,

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Var

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
অযুক্তঃ প্রাকৃতঃ স্তব্ধঃ শঠো নৈষ্কৃতিকোঽলসঃ।
বিষাদী দীর্ঘসূত্রী চ কর্ত্তা তামস উচ্যতে ॥২৮

বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব গুণতস্ত্রিবিধং শৃণু।
প্রোচ্যমানমশেষেণ পৃথক্‌ত্বেন ধনঞ্জয় ॥২৯

কামী) লুব্ধঃ (লোভী) হিংসাত্মকঃ, অশুচিঃ, হর্ষশোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২৭

অন্বয়ঃ।—অযুক্তঃ (অসমাহিতঃ) প্রাকৃতঃ (বিবেকশূন্যঃ) স্তব্ধঃ (অনম্রঃ) শঠঃ (মায়াবী) নৈষ্কৃতিকঃ (পরাপমানকারী) অলসঃ বিষাদী (অবসন্নস্বভাবঃ) দীর্ঘসূত্রী চ কর্ত্তা তামসঃ উচ্যতে ॥ ২৮

অন্বয়ঃ।—হে ধনঞ্জয়! বুদ্ধেঃ ধৃতেঃ চ ভেদং গুণতঃ

স্বভাবতঃ হিংসাপরায়ণ, অশুচি, লাভে বা অলাভে হর্ষ-শোকযুক্ত, কর্ত্তা রাজস বলিয়া কথিত হয় ॥ ২৭

অনুবাদ।—অবধানশূন্য অবিবেকী, উদ্ধত-স্বভাবঃ, শঠ, পরাপমানকারী, আলস্যপরায়ণ, অবসন্নচিত্ত ও দীর্ঘসূত্রী কর্ত্তা তামস বলিয়া খ্যাত ॥ ২৮

অনুবাদ।—হে ধনঞ্জয়! সত্ত্বাদি গুণভেদে, বুদ্ধি ও ধৃতির

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কার্য্যাকার্য্যে ভয়াভয়ে।
বন্ধং মোক্ষঞ্চ যা বেত্তি বুদ্ধিঃ সা পার্থ সাত্ত্বিকী॥৩০
যয়া ধর্ম্মমধর্ম্মঞ্চ কার্য্যঞ্চাকার্য্যমেব চ।
অযথাবৎ প্রজানাতি বুদ্ধিঃ সা পার্থ রাজসী॥৩১

(সত্ত্বাদিগুণভেদতঃ) এব ত্রিবিধং পৃথক্ত্বেন অশেষেণ প্রোচ্যমানং ভেদং শৃণু॥ ২৯

অন্বয়ঃ।—হে পার্থ! যা বুদ্ধিঃ [ধর্ম্মে] প্রবৃত্তিং চ [অধর্ম্মাৎ] নিবৃত্তিঞ্চ কার্য্যাকার্য্যে, ভয়াভয়ে; বন্ধং মোক্ষ চ বেত্তি, সা সাত্ত্বিকী॥ ৩০

অন্বয়ঃ।—হে পার্থ! যয়া চ ধর্ম্মম্ অধর্ম্মং চ কার্য্য

তিন প্রকার ভেদ পৃথক্ পৃথক্ রূপে নিঃশেষে বলিতেছি, শ্রবণ কর॥ ২৯

অনুবাদ।—হে পার্থ! যে বুদ্ধি দ্বারা ধর্ম্মে প্রবৃত্তি ও অধর্ম্ম হইতে নিবৃত্তি হয়, কোন্‌টি কার্য্য ও কোন্‌টি অকার্য্য, ভয়, অভয়, বন্ধন ও মুক্তি বুঝিতে পারা যায়, তাহাই সাত্ত্বিকী বুদ্ধি॥ ৩০

অনুবাদ।—হে পার্থ! যে বুদ্ধি দ্বারা ধর্ম্ম ও অধর্ম্ম

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Va

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
অধর্ম্মং ধর্ম্মমিতি যা মন্যতে তমসাবৃতা।
সর্ব্বার্থান্ বিপরীতাংশ্চ বুদ্ধিঃ সা পার্থ তামসী ॥৩২
ধৃত্যা যয়া ধারয়তে মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ।
যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী ॥৩৩

অকার্য্যং চ অযথাবৎ (সন্দেহাস্পদত্বেন) প্রজানাতি, সা বুদ্ধিঃ রাজসী ॥ ৩১

অন্বয়ঃ।—হে পার্থ! যা [বুদ্ধিঃ] অধর্ম্মং ধর্ম্মম্ ইতি মন্যতে, সর্ব্বার্থান্ চ বিপরীতান্ [মন্যতে], তমসা অবৃতা সা [বিপরীতগ্রাহিণী] বুদ্ধিঃ তামসী ॥ ৩২

অন্বয়ঃ।—হে পার্থ! যোগেন (চিত্তৈকাগ্র্যেণ হেতুনা) অব্যভিচারিণ্যা (বিষয়ান্তরম্ অধারয়ন্ত্যা) যয়া ধৃত্যা

কার্য্য ও অকার্য্য যথাযথরূপ জানিতে পারা যায় না, সে বুদ্ধি রাজসী ॥ ৩১

অনুবাদ।—হে পার্থ! যে বুদ্ধি অধর্ম্মকে ধর্ম্ম বলিয়া মনে করে এবং সকল প্রকার বিষয়কেই বিপরীত বোধ করে, তমোগুণে আবৃত সে বুদ্ধি তামসী মনে করিবে ॥ ৩২

অনুবাদ।—হে পার্থ! সমাধি দ্বারা চিত্তের একাগ্রতা-
. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
যয়া তু ধর্ম্মকামার্থান্ ধৃত্যা ধারয়তেঽর্জ্জুন।
প্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী ধৃতিঃ সা পার্থ রাজসী ॥৩৪
যয়া স্বপ্নং ভয়ং শোকং বিষাদং মদমেব চ।
ন বিমুঞ্চতি দুর্ম্মেধা ধৃতিঃ সা পার্থ তামসী ॥৩৫

মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ ধারয়তে (নিযচ্ছতি) সা ধৃতিঃ [বিদ্বদ্ভিঃ] সাত্ত্বিকী [কথ্যতে] ॥ ৩৩

অন্বয়ঃ।—হে পার্থ! হে অর্জ্জুন! যয়া তু ধৃত্যা ধর্ম্ম-কামার্থান [প্রাধান্যেন] ধারয়তে, প্রসঙ্গেন (কর্ম্মাদীনাং প্রসক্তৌ) [যা চ] ফলাকাঙ্ক্ষী [ভবতি], সা ধৃতিঃ রাজসী [কথ্যতে বিদ্বদ্ভিঃ] ॥ ৩৪

অন্বয়ঃ।—হে পার্থ! দুর্ম্মেধাঃ (অবিবেকী জনঃ) যয়া

বশতঃ বিষয়ান্তরের ধারণা না করিয়া যে ধৃতি মন প্রাণ ও ইন্দ্রিয়গণের ক্রিয়া নিয়মিত করে, তাহাই সাত্ত্বিকী ধৃতি ॥৩৩

অনুবাদ।—হে পার্থ হে অর্জ্জুন! যে ধৃতিদ্বারা ধর্ম্ম অর্থ ও কাম প্রধান বলিয়া অবধারিত হয়, পরন্তু সম্পাদন-কালে (কর্ত্তৃত্বাভিমান বশতঃ) ফললাভের ইচ্ছা জন্মে, তাহা রাজসী ধৃতি ॥ ৩৪

অনুবাদ।—অবিবেকী ব্যক্তি যে ধৃতির বশে নিদ্রা,
In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুখং ত্বিদানীং ত্রিবিধং শৃণু মে ভরতর্ষভ ॥৩৬
অভ্যাসাদ্রমতে যত্র দুঃখান্তঞ্চ নিগচ্ছতি।
যত্তদগ্রে বিষমিব পরিণামেঽমৃতোপমম্।
তৎ সুখং সাত্ত্বিকং প্রোক্তমাত্মবুদ্ধিপ্রসাদজম্ ॥৩৭

(ধৃত্যা) স্বপ্নং (নিদ্রাং) ভয়ং শোকং বিষাদং মদম্ (গর্ব্বম্), এব চ ন বিমুঞ্চতি (পুনঃ পুনঃ আবর্ত্তয়তি) সা ধৃতিঃ তামসী [কথ্যতে] ॥ ৩৫

অন্বয়ঃ।—হে ভরতর্ষভ! ইদানীং (অধুনা) ত্রিবিধং সুখং তু মে (মৎসকাশাৎ) শৃণু॥ ৩৬

অন্বয়ঃ।—যত্র অভ্যাসাৎ [নতু সহসা] রমতে (রতিং প্রাপ্নোতি) দুঃখান্তং চ নিগচ্ছতি (প্রাপ্নোতি), যৎ তৎ

ভয় শোক, বিষাদ ও মদ (গর্ব্ব) কদাচ পরিত্যাগ করে না, তাহা তামসী ধৃতি॥ ৩৫

অনুবাদ।—হে ভরতর্ষভ! এক্ষণে ত্রিবিধ সুখ আমার নিকট শ্রবণ কর॥ ৩৬

অনুবাদ।—যে সুখে অভ্যাসবশতঃ ক্রমশঃ আনন্দ জন্মে, যে সুখ প্রাপ্ত হইলে দুঃখের নাশ হয়. যে সুখ প্রথমতঃ বিষবৎ, কিন্তু পরিণামে অমৃততুল্য এবং আত্মবিষয়িণী বুদ্ধির

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়েন্দ্রিয়সংযোগাদ্‌যত্তদগ্রেঽমৃতোপমম্ ।
পরিণামে বিষমিব তৎসুখং রাজসং স্মৃতম্ ॥৩৮

যদগ্রে চানুবন্ধে চ সুখং মোহনমাত্মনঃ ।
নিদ্রালস্যপ্রমাদোত্থং তত্তামসমুদাহৃতম্ ॥৩৯

(অনির্ব্বাচ্যং) অগ্রে বিষমিব, পরিণামে অমৃতোপমম্ আত্মবুদ্ধি-প্রসাদজং তৎ (ব্রাহ্মং সুখং) সাত্ত্বিকং প্রোক্তম্ ॥৩৭

অন্বয়ঃ ।—বিষয়েন্দ্রিয়সংযোগাৎ যৎ তৎ (প্রসিদ্ধং) অগ্রে (প্রথমে) অমৃতোপমং (সুধাসমং) পরিণামে [ইহামুত্র দুঃখহেতুত্বাৎ] বিষম্ ইব, [বৈষয়িকং তৎ] সুখং রাজসং স্মৃতম্ [প্রাজ্ঞৈরিতি শেষঃ] ॥ ৩৮

অন্বয়ঃ ।—যৎ চ সুখম্ অগ্রে (প্রথমে) অনুবন্ধে

প্রসন্নতা হইতে উৎপন্ন হয়, সেই অনির্ব্বচনীয় ব্রাহ্ম সুখ সাত্ত্বিক সুখ নামে কথিত হইয়া থাকে ॥ ৩৭

অনুবাদ ।—বিষয় ও ইন্দ্রিয়-সংযোগবশতঃ যে সুখ প্রথমে অমৃতবৎ, কিন্তু পরিণামে বিষবৎ, সেই বৈষয়িক সুখকে রাজস সুখ জানিবে ॥ ৩৮

অনুবাদ ।—আর যে সুখ প্রারম্ভে ও পরিণামে বুদ্ধির

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Var

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন তদস্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ।
সত্ত্বং প্রকৃতিজৈর্মুক্তং যদেভিঃ স্যাত্রিভিগুণৈঃ ॥৪০

ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরন্তপ।
কর্ম্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈগুণৈঃ ॥৪১

(পশ্চাদপি) চ আত্মনঃ মোহনং (মোহকরং), নিদ্রালস্য-প্রমাদোত্থং তৎ (সুখং) তামসম্ উদাহৃতম্ ॥ ৩৯

অন্বয়ঃ।—পৃথিব্যাং (ভূলোকে) দিবি (স্বর্গে) বা দেবেষু (ব্রহ্মাদিষু) বা পুনঃ তৎ সত্ত্বং (প্রাণিজাতং) ন অস্তি, যৎ প্রকৃতিজৈঃ (প্রকৃতিসম্ভূতৈঃ) এভিঃ ত্রিভিঃ গুণৈঃ (সত্ত্বাদিভিঃ) মুক্তং স্যাৎ ॥ ৪০

অন্বয়ঃ।—হে পরন্তপ! ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বিশাং শূদ্রাণাং

মোহ-উৎপাদন করে, নিদ্রা আলস্য ও প্রমাদ হইতে উৎপন্ন, সেই সুখ তামস সুখ নামে অভিহিত হয় ॥ ৩৯

অনুবাদ।—পৃথিবীতে স্বর্গে বা দেবতাদিগের মধ্যে এমন দেহধারী কেহই নাই, যিনি প্রকৃতি-জাত এই তিনটি গুণ হইতে মুক্ত ॥ ৪০

অনুবাদ।—হে পরন্তপ! পূর্ব্বজন্ম-সংস্কার জাত গুণানু-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জবমেব চ।
জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজম্॥৪২

শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্।
দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্॥৪৩

চ কর্ম্মাণি স্বভাবপ্রভবৈঃ (পূর্ব্বজন্মসংস্কারজাতৈঃ) গুণৈঃ প্রবিভক্তানি (প্রকর্ষেণ বিভাগতো বিহিতানি)॥ ৪১

অন্বয়ঃ।—শমঃ, দমঃ তপঃ, শৌচং, ক্ষান্তিঃ, আর্জ্জবং, চ, জ্ঞানং বিজ্ঞানম্, আস্তিক্যম্ এব স্বভাবজং ব্রহ্মকর্ম্ম॥ ৪২

অন্বয়ঃ।—শৌর্য্যং (পরাক্রমঃ), তেজঃ (প্রগল্ভতা), ধৃতিঃ (ধৈর্য্যং), দাক্ষ্যং (কুশলতা), যুদ্ধে অপি অপলায়নং,

---

সারে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের কর্ম্ম সকল সম্যক্‌রূপে বিভাগপ্রাপ্ত হইয়াছে॥ ৪১

অনুবাদ।—শম, দম, তপঃ, শৌচ, ক্ষমা, সরলতা, জ্ঞান, বিজ্ঞান, (শাস্ত্রার্থ তত্ত্বনিশ্চয়) ও আস্তিক্য এই নয়টি ব্রাহ্মণের স্বভাবজাত ধর্ম্ম॥ ৪২

অনুবাদ।—পরাক্রম, তেজ, ধৈর্য্য, দক্ষতা, যুদ্ধে

